দুরন্ত বার্তা, কলকাতা, ৩ জুন : অস্বস্তিতে কাটবে আবহাওয়া ? নাকি বর্ষা আসছে? দক্ষিণগঙ্গের পশ্চিম অঞ্চলের এলাকা যেমন বাঁকুড়া, মেদিনীপুর, বর্ধমান, মুর্শিদাবাদ এই সকল জেলায় আগামী দু’দিনের মধ্যে হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তার পাশাপাশি তাপপ্রবাহের সর্তকতা দিয়েছে আবহাওয়া অফিস। উত্তরবঙ্গের দিকে দার্জিলিং, কালিম্পং অঞ্চলেও দুই দিনের মধ্যে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এবং তিন দিনের মধ্যে অলিপুরদুয়ারে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়াও চার-পাঁচ দিনের মধ্যে জলপাইগুড়ি ও কোচবিহারে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কলকাতায় বৃষ্টির কোনও সম্ভাবনা নেই এবং তাপপ্রবাহের সতর্কতাও দেয়নি আবহাওয়া দফতর। কলকাতা সর্বেচ্চ তাপমাত্রা প্রায় ৪০ এর গন্ডি ছুঁয়ে ফেলেছে। শনিবার উৎকলের জেলা উত্তর ও দক্ষিণ ঝিংশ পরগনা, বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম বর্ধমান, বীরভূম জেলায় তাপ ও প্রবাহের সতর্কবার্তা জারি করা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুরে হালকা বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে হাওয়া অফিস। রবিবার থেকে বুধবার পর্যন্ত পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া পূর্ব ও পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম, হাওড়া, হুগলি, মুর্শিদাবাদ, নদীয়া জেলাতে তাপপ্রবাহ সতর্কবার্তা। তাপ প্রবাহের পরিস্থিতি ও চরম অস্বস্তি থাকবে কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায়। রবি ও সোমবার এই পরিস্থিতি চরমে উঠবে। কলকাতায় সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.২ ডিগ্রি । গতকাল সর্বাচ্চ তাপমাত্রা ছিল ৬৯.৬ ডিগ্রি । বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৬৬ থেকে ৮৭ শতাংশ। এবার প্রাক বর্ষা জলীয় বাষ্প পরিপূর্ণ তাপপ্রবাহ চলবে। এবার পশ্চিমভারতের জেরা ছাড়া রাজ্যের বাকি অংশে ঝাঁপ এবং খুব উষ্ণ গরম। হাওয়া অফিসের তরফে এও জানান হয়েছে, পারদ চড়তে চড়তে অবস্থা চরমে উঠবে ৬ ও ৭ জুন।

চা ব্রিক্র করতে গিয়ে আর ফেরা হল না শ্যামপুরের পিনাকীর

দুরন্ত বার্তা, উলুবেড়িয়া, ৩ জুন : সামান্য উপার্জনে কোনওমতে চলত সংসার। করতেন জিরি কাজ। কংসারাকালে টানা কলডাউনে সেই কাজেও দেখা গিয়েছিল মন্দাদশা। শেষে সংসারের ঘানি টানতে ট্রেনে হাকার করতে শুরু করেছিলেন শ্যামপুরের



পলতাবেড়িয়ার বছর পঁয়তাল্লিশের পিনাকী মণ্ডল। বর্তমানে থাকতেন ওড়িশাতে। সেখান থেকেই বিভিন্ন দূরপাল্লার ট্রেনে ঘুরে ঘুরে বিক্রি করতেন চা। শুক্রবার তিনিও চড়েছিলেন অভিশুণ করমণ্ডল এক্সপ্রেসে । করছিলেন চা বিক্রি। কিন্তু, কে জানত কাজ সেরে আর ফেরা হবে না বাড়ি। মর্মান্তিক এই ট্রেন দুর্ঘটনায় মৃত্যু হয়েছে তার। খবর চাউর হতেই শোকের ছায়া হাওড়ার শ্যামপুরের

পলতাবেড়িয়ায়। ঘটনায় ভেঙে পড়তেন তাঁর মেয়ে বর্ষা মণ্ডল। তিনি বলছেন, মাসে ২০-২২ দিন ওড়িশাতেই থাকত বাবা। কিছুদিন আগে বাড়ি এসেছিল। তারপর আবার কাজে বেরিয়ে যায়। কাল-পরশুর মধ্যে ফেরার কথা ছিল। তারমধ্যেই তো খবরে দেখলাম দুর্ঘটনার খবর। ওখানে আমার মাসির বাড়ি। ওরাও খোঁজ-খবর শুরু করে। জানা যায় বাবার কথা। গোটা ঘটনায় বাকরুদ্ধ পিনাকীবাবুর স্ত্রীও। কান্দোয়ার সামনেই কামায় ভেঙে পড়তে দেখা গেল তাঁকে। ঘটনায় তাঁর দিদি বলছেন, টাকা-পয়সা তো বেশি ছিল না। তাই বাইরে গিয়ে ও কসারি করত। বেশ কিছু বছর ধরেই ও এই কাজ করে আসছে। ১৭ দিন আগে ও বাড়ি থেকে বেরিয়েছিল। ফেরারও কথা ছিল সামনে। প্রসঙ্গত, ভয়াবহ এই দুর্ঘটনায় এখনও পর্যন্ত আড়হিশোর বেশি মানুষের মৃত্যু হয়েছে বলে খবর পাওয়া যাচ্ছে। হাসপাতালে ভর্তি ৯০০। ইতিমধ্যেই ঘটনাস্থল পরিদর্শনে গিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

স্পেশাল রিলিফ ট্রেনে আহত যাত্রীরা ফিরলেন হাওড়ায়

শ্রেয়া আদর, হাওড়া, ৩ জুন : ওড়িশার বালেশ্বরে ট্রেন দুর্ঘটনায় আহত যাত্রীদের নিয়ে শনিবার দুপুরে হাওড়া স্টেশনে এসে পৌঁছায় স্পেশাল রিলিফ ট্রেন। আহত যাত্রীরা হাওড়ার ৮ নং প্ল্যাটফর্মে এসে পৌঁছান। ট্রেন দুর্ঘটনায় ভয়ঙ্কর অভিজ্ঞতার স্মৃতি নিয়ে ফেরেন তারা। আহত যাত্রীদের প্রাথমিক চিকিৎসার জন্য হাওড়ায় প্রস্তুত রাখা হয়েছে। মেডিক্যাল টিম। হাওড়া স্টেশন চত্বরেই প্রস্তুত ছিল অ্যাম্বুল্যান্স। আহত যাত্রীদের যাতে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া যায় তার জন্য সবরকম ব্যবস্থা রাখা হয়েছিল এদিন রেলের তরফে। ওড়িশার বালেশ্বরের কাছে ট্রেন দুর্ঘটনার পর যশবন্তপুর এক্সপ্রেসের আহত যাত্রীদের নিয়ে ওই স্পেশাল ট্রেন হাওড়া স্টেশনের ৮ নম্বর প্ল্যাটফর্মে এসে পৌঁছায়। এদিন দুপুর দেড়টা নাগাদ ওই হাওড়ায় আসে। যাত্রীদের চোখে মুখে ছিল ভয়ঙ্কর সেই দুর্ঘটনার আতঙ্কের ছাপ। একে একে যাত্রীরা ট্রেন থেকে নেমে আসেন। আহতদের জন্য অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা হয়। আগে থেকেই এদিন সমস্ত রকম প্রস্তুতি নেওয়া হয়েছিল। স্টেশনে রিলিফ ট্রেনের যাত্রীদের জন্য পানীয় জল, খাবারের প্যাকেট তুলে দেওয়া হয়। এদিন স্টেশনে ছিলেন বিশেষজ্ঞ চিকিৎসকেরা। হাওড়া স্টেশনের ৮ নম্বর প্ল্যাটফর্মে

উপস্থিত ছিলেন রেলের আধিকারিকরা। এছাড়াও অ্যাম্বুলেন্স সহ আরও বিভিন্ন গাড়ি প্রস্তুত করা ছিল। যাতে আহতদের বিভিন্ন হাসপাতালে পৌঁছে দেওয়া যায়। হাওড়া স্টেশনের সেই প্রস্তুতি এদিন তদারকি করেন রাজ্যের সমবায, মন্ত্রী অরুণ রায়। তিনি বলেন, ভয়ঙ্কর দুর্ঘটনা ঘটেছে। বহু মানুষের প্রাণহানি ঘটেছে। এই ট্রেনের আরেক যাত্রী বলেন, সময় সমালোচনা নয়। যারা বেঁচে আছেন তাঁদের সুস্থ করে বাড়ি ফেরানোই একমাত্র লক্ষ্য হওয়া উচিত। তবে এমন দুর্ঘটনা বারবারে ঘটছে। এটা বাঞ্ছনীয় নয়। কেন বারেবারে দুর্ঘটনা ঘটছে তা দেখতে হবে। বাস অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করেছে প্রশাসন। যার চিকিৎসার প্রয়োজন তাঁদের হাসপাতালের ব্যবস্থা করা হচ্ছে। এদিন হাওড়া স্টেশনে ফিরে স্পেশাল রিলিফ ট্রেনের এক যাত্রী সাদিক বলেন, করমন্ডল এক্সপ্রেসে শালিমার থেকে উঠেছিলাম। কাজের জন্য যাচ্ছিলাম। ট্রেনটি দুর্ঘটনার কবলে পড়ে। মধুমিতা দাস নামের আরেক যাত্রী বলেন, একটা ট্রেন এসে হঠাৎ আমাদের ট্রেনে ধাক্কা মারে। এই দুর্ঘটনায় আমাদের গাড়ির পেছনের ৬ টে বগি লাইনচ্যুত হয়। এই ধরনের ঘটনায় আমরা ভয় পেয়ে গিয়েছিলাম। তবে রেল কর্তৃপক্ষের একটি সাবধান হওয়া উচিত। ভয়াবহ এই হল দুর্ঘটনা অত্যন্ত দুঃখজনক। আমরা

শিকাকুলাম থেকে কলকাতায় আসছিলাম। এখন আতঙ্ক কিছুটা কেটেছে। আরেক যাত্রী বলেন, আমাদের গাড়িটা খুব ভালেরে আসছিল। রেল ক্রসিংয়ের জায়গায় করমন্ডল এক্সপ্রেস ধাক্কা মারে। এই দুর্ঘটনায় ট্রেনের ব্যাপক ক্ষতি হয়। ওই ট্রেনের আরেক যাত্রী বলেন, আমরা ট্রেনে দাঁড়িয়েছিলাম। তখন হঠাৎ আলো নিভে গিয়ে বিকট আওয়াজ হল। আওয়াজের পর আমরা সকলেই পড়ে গিয়েছিলাম। এরপর কিছু মনে নেই। রক্তাক্ত অবস্থায় কামরার বাইরে বেরিয়ে আসি। আমরা বালেশ্বর এসে এই

গাড়িতে করে আসি। ওখানে পরিস্থিতি খুব খারাপ ছিল। যেটুকু দেখেছি প্রচুর লোক জখম হয়েছেন। আমাদের সামনে প্রায় ৬০ জন মানুষের অবস্থা আশঙ্কাজনক ছিল। জখম যাত্রীর সংখ্যা আরও বেশি ছিল। প্রদ্যুৎ মন্ডল নামের আরেক যাত্রী বলেন, ঘটনাটি ঘটে সন্ধ্যা নাগাদ। ট্রেনের পেছনে দুর্ঘটনাটি ঘটে। ওখানকার অবস্থা খুব খারাপ। আমি ট্রেনের নিচে নেমে এসেছি। আতঙ্ক এখনও কাটেনি। আমরা মোট ৯ জন ছিলাম। আরেক যাত্রী বলেন, আমাদের গাড়িটা উল্টে গিয়েছিল। আমরা নিজেরাই নিজ্জদের উদ্ধার করেছি। এখনও আতঙ্কে আছি। ওখানকার অবস্থা খুব খারাপ। ওখানে কারও মাথা হেটে গিয়েছে। কারও অবস্থা বেশ

বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা উপযুক্ত স্নেহ, গাইডেন্স পেলে তাদের কৃতিত্ব দেখিয়ে বিশ্বের দরবারে দেশের নাম উজ্জ্বল করতে পারে



সেন্টার’ বিশেষ চ া হিদ া সম্পন্নদের জন্য হোম। এই কারণে প্রিয়াকার বাবা - মা ১৬ বছর আগে প্রিয়াকাকে এই আ বা সিক সেন্টারে রেখে যান। বিশেষ চাহিদা সম্পন্ন প্রিয়াকার বাবা গোপাল দাস পেশায় একজন অটোচালক। তি নি উলুবেড়িয়া - রানিহাটী রুটে অটো চালান।

প্রিয়াকার মা বিউটি দাস একজন গৃহস্থ। প্রিয়াকার খেলাধুলায় এবং স্পেশাল অলিম্পিক ভারতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করার সুযোগ পাওয়ায় প্রিয়াকার বাবা গোপাল দাস ও মা বিউটি দাস যারপরনাই খুশি। প্রিয়াকার খেলাধুলায় সাফল্য ও স্পেশাল অলিম্পিকে সুযোগ পাওয়া প্রসঙ্গে প্রিয়াকার বাবা ও মা বলেন, প্রিয়াকাকে আমরা জন্ম দিলেও তার এই সাফল্য ও কৃতিত্ব সম্পূর্ণটিই ‘আশা ভবন সেন্টার ’ এর। প্রিয়াকার খেলাধুলায় সাফল্য ও স্পেশাল অলিম্পিকে সুযোগ পাওয়ায় তার বাবা -মা এর পাশাপাশি প্রিয়াকার আত্মীয়-স্বজন, গ্রামবাসীদের পাশাপাশি ‘ আশা ভবন সেন্টার ’ এর সমস্ত আবাসিকবৃন্দ, সেন্টার এর সকল কর্মচারীবৃন্দ খুশি। প্রিয়াকার খেলাধুলায় সাফল্য ও সামার স্পেশাল অলিম্পিকে ভারতীয় দলে সুযোগ পাওয়া প্রসঙ্গে ‘আশা ভবন সেন্টার ’ এর ডিরেক্টর জন মেরি বাড়ুই বলেন, ‘সামার

অভিষেকের ‘ঐতিহাসিক’ পদযাত্রা, উচ্ছ্বসিত মমতা!

দুরন্ত বার্তা প্রতিবেদন, ৩ জুন : সেই নন্দীগ্রাম! রাজনৈতিক দিক থেকে তৃণমূলের জন্য এই নন্দীগ্রামের গুরুত্ব আলাদা করে বলার অপেক্ষা রাখে না। নন্দীগ্রামে আন্দোলনরত জনতার উপর পুলিশের গুলিতে অন্তত ১৪ জন নিহত হওয়ার পর পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার- বিরোধী মনোভাব জোরদার হয়ে ওঠে। নন্দীগ্রামে কৃষকদের বিক্ষোভে নেতৃত্ব দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় হয়ে ওঠেন রাজ্যের জনপ্রিয়তম নারী। ২০০৯ সালের লোকসভা নির্বাচনে বামদের চেয়ে বেশি আসন পায় তৃণমূল। তার দু’বছর পর বিধানসভা নির্বাচনে তৃণমূল ৬৪ বছর ধরে ক্ষমতাসীন বাম সরকারকে হারায়। আর িক দশ বছর পর রাজ্যে ক্ষমতা দখল করলেও নন্দীগ্রামেই রাজনৈতিক লড়াইয়ে হেরে যান মমতা বন্দ্যোপাধ্যায় । নবজোয়ার যাত্রা নিয়ে এ বার সেই নন্দীগ্রামে অভিষেক বন্দ্যোপাধ্যায়। নন্দীগ্রামে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পদযাত্রা দেখে উচ্ছ্বসিত দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সূত্রের খবর, অভিষেকের কাছে নন্দীগ্রামের পদযাত্রার ভোটের ভরকষাট ছিল নন্দীগ্রাম। তৃণমূলের প্রার্থী ছিলেন স্বয়ং মমতা বন্দ্যোপাধ্যায়। তবে শেষ পর্যন্ত জয়ী হন শুভেন্দু অধিকারী। সেই শুভেন্দুর গবেই এবার অভিষেকের নবজোয়ার যাত্রা। সূত্রের খবর, নন্দীগ্রামের পদযাত্রার পরে অভিষেকের সঙ্গে কথা বলেন মমতা। ‘নন্দীগ্রামের ভিড় বলে দিয়েছে, ভোটের কারচুপি হয়েছে’, দলের চেয়ারপার্সনকে জানিয়েছেন অভিষেক। বৃহস্পতিবারই নন্দীগ্রামে পদযাত্রা শেষে তৃণমূলের সেকেন্ড ইন কমান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, ‘‘দীর্ঘ ২০ কিমি পদযাত্রা আগে কেউ দেখেনি। দৃশ্যমুগ্ধ হতে চলেছে রাজনীতি এই বাংলার নন্দীগ্রাম থেকেই।’’ শুভেন্দু গড়ে দাড়িয়ে নাম না করে শুভেন্দু।



অধিকারীকেই নিশানা করেন অভিষেক। তিনি বলেন, ‘‘গন্দারদের অবসান হতে চলেছে। আগামী দিনে। আপনার গায়ে হাত পড়লে আমি আসব। আগামী দিনে এক ছটাক জমি দেবেন না। যদি দশ থাকে, ২০ কিমি রাস্তায় মিছিল করে দেখাও। রাতের বেলা জনগণ নিয়ে মিটিং করো।’’ অভিষেকের কথায়, ‘‘মানুষ আগামীদিনে জবাব দেবে। কোনও মীরজাফরের ক্ষমতা নেই, আপনাদের টাকা আটকে রাখা নন্দীগ্রাম মীরজাফরদের ভূমি নয়। এটা আন্দোলনের ভূমি। এরা যদি ভাবে সিআরপিএফ দিয়ে ভয় দেখাবে, জবাব দেবেন। গাড়িতে থাকা লাগতে পারে, কিন্তু মানবিকতা থাকবে না? ক্ষমতায় না এসেই এই অবস্থা?’’ নন্দীগ্রামের টেক্‌দুয়া মেডে অভিষেক বন্দ্যোপাধ্যায় তাঁর রোড শো থেকে এরপরেই তুমুল আক্রমণ শানিয়ে আগান তোলােন, ‘‘মুঘলের, তোলাবাজ, গন্দার শুভেন্দু অধিকারী হটাও।’’ মীরজাফর, বেইহমান দিল্লির ক্রীতদাস হটাও।’’ আর অভিষেকের সেই আক্রমণের পরপরই এবার অভিষেকের পাঠা কর্মসূচি ঘোষণা করেন শুভেন্দু। আগামী ১৬ জুন একই ভাবে পদযাত্রা করবেন শুভেন্দু।



আশঙ্কাজনক। এদিকে, দক্ষিণ-পূর্ব রেল সূত্রে খবর, শনিবার বিকেল ৪টোয় হাওড়া থেকে বালাসোরে যাওয়ার জন্য বিশেষ ট্রেনের বন্দোবস্ত করা হয়েছে। হাওড়া থেকে বালাসোর পর্যন্ত একটি স্পেশাল ট্রেনের ব্যবস্থা করা হয়েছে বাহানাগা বাজারে ট্রেন লাইনচ্যুত হওয়ার কারণে ক্ষতিগ্রস্ত যাত্রীদের স্বজনদের নিয়ে যাওয়ার জন্য। এই ট্রেনের জন্য স্টপেজ দেওয়া হবে সাতরাগাছি, উলুবেড়িয়া, বাগনান, মেচেদা, পাঁশকুড়া, বালিচক, খড়গপুর, হিজলি, বেলদা ও জলেশ্বরে। অন্যদিকে, ওড়িশার বালেশ্বরে ভয়াবহ ট্রেন দুর্ঘটনায় আহতদের মধ্যে চারজনকে ভর্তি করা হয়েছে হাওড়া জেলা হাসপাতালে। শনিবার দুপুরে এদের দেখতে হাওড়া জেলা হাসপাতালে পৌঁছান রাজ্যের

সমবায মন্ত্রী অরুণ রায়। তিনি বলেন, হাওড়া জেলা হাসপাতালে যে চারজন ভর্তি আছেন তাদের মধ্যে দুজনকে আইসিইউ-তে রেখে চিকিৎসা করা হচ্ছে। বাকি দুজনকে পর্ঘবেক্ষণে রাখা হয়েছে। তবে এরা প্রত্যেকেই আউট অফ ভেজার। এদের সুস্থ করার পর বাড়িতে পৌঁছে বোবার ব্যবস্থা রাজ্য সরকার করেছে। যারা ভর্তি রয়েছেন তাদের মধ্যে একজনের বাড়ি কোচবিহারে। আরেকজনের বাড়ি নদীয়ার পলাশী পাড়ায়। তিনি বলেন, হাওড়া স্টেশনে আহতেরা আসার পর রেলের অর্থোপেডিক হাসপাতাল, হাওড়া জেলা হাসপাতাল সহ বি আর সিং হাসপাতালে আহতদের পাঠানো হয়। এদের সবারই চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। সুস্থ করে তাদের বাড়ি ফিরিয়ে দেবার ব্যবস্থা করবে রাজ্য সরকার।

বালেশ্বরে ট্রেন দুর্ঘটনায় নিখোঁজ জয়নগরের একটি যুবক, উদ্বিগ্ন পরিবার

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ৩ জুন : এই শতাব্দীর সবচেয়ে বড় ট্রেন দুর্ঘটনা ঘটে গেল শুক্রবার। এদিন সন্ধ্যায় ওশিার বালেশ্বরের লোকভাষে ভয়াবহ ট্রেন দুর্ঘটনায় নিখোঁজ জয়নগরের এক যুবক। নাম সঞ্জীব মন্ডল (২২)। জয়নগর থানার নারায়নীতলা পঞ্চায়েতের সরবেড়িয়ার বাসিন্দা সঞ্জীব মন্ডলের পরিবারের দাবি শুক্রবার দুপুরে দিন মজুরের কাজের জন্য কেবরালার উদ্দেশ্যে জয়নগরের সরবেড়িয়া থেকে করমন্ডল এক্সপ্রেস ট্রেনে যাবার জন্য শালিমারের উদ্দেশ্যে রওনা দেয় সে। তাঁর পরিবারের লোকজন ট্রেন দুর্ঘটনার খবর জানতে পেরে রাত থেকে সকাল পর্যন্ত তার ফোনে একাধিক বার ফোন করলেও তার সঙ্গে কোনো কথা বলতে পারেন নি। অবশেষে শনিবার জয়নগর ১ নং বিডিও ও জয়নগর থানা প্রশাসনের দ্বারস্থ হয়েছে সঞ্জীব মন্ডলের পরিবার। সঞ্জীব মন্ডল কি পরিস্থিতিতে আছে সেই বিষয়ে চিন্তায় সঞ্জীব মন্ডলের পরিবারের লোকজন। আর শনিবার সঞ্জীব মন্ডলের মা বৃথিকা মন্ডল বললেন, আমরা খুব গরীব। তাই কাজের সন্ধানে ভিন রাজ্যে ছেলে যাচ্ছিল। আর এখনো তাঁর কোনো খবর পাচ্ছি না। তাই খুব চিন্তা আছি। সে কেমন আছে। কে জানে। এদিকে জয়নগর থানা ও বিডিওর তরফে ওড়িশা সরকারের সাথে যোগাযোগ রাখা হচ্ছে। অন্যদিকে, ওড়িশার বালেশ্বরে শুক্রবারের ট্রেন দুর্ঘটনায় শনিবার সন্ধ্যা ৬ টার সরকারি রিপোর্ট অনুযায়ী ১১০ জন নিখোঁজ এই দুর্ঘটনায়। তাঁর মধ্যে মৃত ১২ জন। বাসন্তীতে ৬, কান্দ্বীপে ২,মগরাহাট ১তে ১ ,কানিংগ ১ তে, বার্কইপুরতে ১ ও জয়নগর ২ তে ১ জনের মৃত্যু ঘটেছে। ওড়িশার বালেশ্বরে শুক্রবারের ভয়াবহ ট্রেন দুর্ঘটনায় মৃত্যু ঘটলো জয়নগর ২ নং ব্লকের বকুলতলা থানার বাইশহাটা পঞ্চায়েতের দমদমা গ্রামের আজিজুল মোল্লা নামে এক যুবকের। ভিন রাজ্যে কাজের উদ্দেশ্যে দমদমা গ্রাম থেকে রওনা দিয়েছিলো ওই যুবক। আর শনিবার দুপুরে দুর্ঘটনাস্থল থেকে উদ্ধার কাজ চলাকালীন উদ্ধার হয় এই যুবকের মৃতদেহ। আর শনিবার বিকালে জয়নগর ২ নং বিডিও সূত্রে এই সংবাদ টি দমদমা গ্রামে পৌঁছায়। আর কামায় ভেঙে পড়ে তার পরিবার পরিজনেরা। আর এই পরিবারের পাশে থাকার আশ্বাস দিলেন প্রশাসন।

বালেশ্বরের ঘটনায় মৃত্যুমিছিল নিয়ে মোদী সরকার দায়ী, হাওড়ায় বললেন ফিরহাদ



দুরন্ত বার্তা, হাওড়া, ৩ জুন : বালেশ্বরের ঘটনায় এতো যাত্রীর মৃত্যু নিয়ে মোদি সরকার দায়ী, হাওড়ায় বললেন ফিরহাদ। শনিবার রাতে হাওড়া স্টেশনে এসে কেন্দ্রের মোদী সরকারের বিরুদ্ধে কাজ আক্রমণ করেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। এদিন হাওড়া স্টেশনে তিনি বলেন, যাত্রী সুরক্ষা নিয়ে খেলা হচ্ছে। এই মৃত্যু নিয়ে মোদী সরকার দায়ী। আগে রেলের আলাদা বাজেট হতো। যাত্রী সুরক্ষা আলাদাভাবে দেখা হতো। এখন ওপরে চকচকে বন্দে ভারত। আর ভেতরে ভারতের মানুষকে মেরে দাও। মুখ্যমন্ত্রীর নির্দেশে হাওড়া স্টেশনে এসে আহতদের দেখভাল করে হাসপাতালে ভর্তি করা এবং যাত্রীদের বাড়িতে পৌঁছানোর ব্যবস্থা এখন থেকে করা হচ্ছে। বাংলায় কতজনের মৃত্যু হয়েছে সেই লিস্ট রেল এখনো পর্যন্ত দিতে পারেনি। জিএম আজই লিস্ট দেবেন বলেছেন। মুখ্যমন্ত্রী সবরকম ব্যবস্থা করেছেন। আহতদের চিকিৎসার ব্যবস্থা এবং ক্ষতিপূরণের ঘোষণা করেছেন। আমরা তাঁর নির্দেশেই এখানে এসে আহতদের জন্য হাসপাতালে ভর্তির ব্যবস্থা এবং শারীরিক পরীক্ষনিরীক্ষা করে বাড়িতে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করে দিছি। প্রসঙ্গত, এদিন রাতে রেল দুর্ঘটনায় আহত যাত্রীদের নিয়ে আরেকটি স্পেশাল ট্রেন ঢাকে হাওড়া স্টেশনে। রাত ৯-০৫ মিনিটে হাওড়া স্টেশনের ৮ নং প্ল্যাটফর্মে আসে ওই ট্রেন। ইতিমধ্যেই সেখানে মেডিকেল ক্যাম্প খোলা হয়েছে। এদিন সমস্ত বিষয় সরোজমিনে দেখতে হাওড়া স্টেশনে আসেন মন্ত্রী ফিরহাদ হাকিম। উপস্থিত ছিলেন বিধায়ক গৌতম চৌধুরী, জেলাশাসক মুক্তা আর্থ প্রমুখ। সকাল থেকে হাওড়া স্টেশনে উপস্থিত ছিলেন রাজ্যের সমবায মন্ত্রী অরুণ রায়ও।



রসনা তৃপ্তি

গরমে পেটের গোলমালে ডুগাছেন? দুপুরে পাতলা শিঙি মাছের ঝোল দিয়ে ভাত খান



শিঙি মাছের ঝোলে মরশুমি সবজি দিয়ে দিলে এর স্বাদ ও পুষ্টিগুণ দু’টাই বেড়ে যায়। কিন্তু শিঙি মাছের ঝোল শুধু যে বাচ্চার স্বাস্থ্যের জন্য উপকারী, তা নয়। বড়রাও খেতে পারে এই মাছের ঝোল। পেট খারাপ, ঝর হলেও মুখের রুচি ফিরিয়ে দিতে পারে শিঙি মাছের ঝোলা। পাশাপাশি অসুস্থতার মধ্যে শিঙি মাছের ঝোল খেলে দ্রুত সুস্থ হয়ে উঠবেন। আপনার জন্য রইল শিঙি মাছের ঝোলের রেসিপি।

শিঙি মাছের ঝোলের রেসিপি- উপকরণঃ ৪- ৫ টি শিঙি মাছ, ২০০ গ্রাম বরবটি, ১ টা আলু, ২০০ গ্রাম কাঁচা পেঁপে, ২০০ গ্রাম লাউ, ১ চা চামচ আদা বাটা,

১২ চা চামচ কালো জিরে, ১ চা চামচ কাঁচা লঙ্কা বাটা, ১ চা চামচ হলুদ গুঁড়ো, ২ টেবিল চামচ ধনে পাতা কুচি, স্বাদ অনুযায়ী নুন এবং পরিমাণ মতো সর্ষের তেল। পদ্ধতি : সাধারণত বাজারে জ্যাস্ত শিঙি মাছ পাওয়া যায়। সেগুলো বাড়িতে এনে নুন দিয়ে ভাল করে পরিষ্কার করে নিন। এবার মাছে নুন ও হলুদ মাখিয়ে রাখুন। এই সময় সমস্ত সবজিগুলো মাঝারি আকারে ডুমো ডুমো করে কেটে নিন। কড়াইতে সর্ষের তেল গরম করুন। এতে শিঙি মাছগুলো ভেজে তুলে নিন। এবার ওই তেলের মধ্যেই কালো জিরে ও কাঁচা লঙ্কা ফোড়ন দিন। এবার সমস্ত সবজিগুলো ভাল করে ভেজে নিন। আলু, বরবটি, লাউ, পেঁপে ভাজার সময় এতে নুন ও হলুদ গুঁড়ো দিয়ে দেবেন। সবজিগুলো ভাজা হয়ে গেলে এবার এতে আদা বাটা, কাঁচা লঙ্কা বাটা, ধনে গুঁড়ো ও জিরে গুঁড়ো দিয়ে দিন। এবার মশলাটা ভাল করে কষিয়ে নিন। পরিমাণ মতো জল দিয়ে দিন। এবার এর মধ্যে ভেজে রাখা মাছগুলো দিয়ে দিন। এরপর মিনিট পনেরো ভাল করে মিশ্রণটি রান্না করে নিন। মাছ ও সবজিগুলো সেদ্ধ হয়ে গেলে গ্যাস বন্ধ করে দিন। উপর দিয়ে ধনে পাতা কুচি ছড়িয়ে নামিয়ে নিন শিঙি মাছের ঝোল। ভাতের সঙ্গে পরিবেশন করুন এই শিঙি মাছের ঝোল।

নারকেলের পায়ের্স থেকে কালার্কান্দ, বাড়িতেই বানিয়ে নিন মিষ্টি

বাঙালির বারো মাসে তেরো পার্বন লেগেই থাকে। তাছাড়া বাড়িতেই অতিথিদের আগমনও সবসময়ই হয়। এই গরমে বাইরে মিষ্টি কিনতে না বেরিয়ে আপনি বাড়িতে বানিয়ে ফেলতে পারেন কিছু পদ।

সুজির হালুয়া- সুজির হালুয়া, খুব সহজে বাড়িতেই এটি বানিয়ে ফেলতে পারেন। প্রথমে কড়াইতে ঘি দিয়ে সুজি ভাল করে ভেজে নিন। ভাজা হয়ে গেলে তার মধ্যেই দুধ দিন। এবার তার মধ্যে একে একে বেশ কিছু ড্রাই ফ্রুটস, কেশর আর পরিমাণমতো চিনি মিশিয়ে নিন। সব একসঙ্গে ভাল ভাবে মিশে গেলে ওড়েন থেকে নামিয়ে নিন। ১৫ মিনিটের মধ্যেই তৈরি হয়ে যাবে সুজির হালুয়া।

কালার্কান্দ- প্রথমে কড়াইতে জল বরানো ছানা, গুঁড়ো দুধ, এলাচ গুঁড়ো, দুধ সব একসঙ্গে দিয়ে ভাল করে পাক দিয়ে নিন। ওর মধ্যে পেস্তা, আমন্ড আর কাজুগুঁড়ো

মিশিয়ে নিন। ২০ মিনিট মতো মিশ্রণটি পাক দিন। এবার একটা বড় থালায় ঘি বা মখন মাখিয়ে

ওখানে ছানার মিশ্রণ ছড়িয়ে ছুরি দিয়ে কেটে নিন। ফ্রিজে রাখুন ২ ঘন্টা।

তৈরি আপনার ক া ল া ক া ন্দ ।

সাজানোর জন্য কালার্কান্দের উপর কিশমিশ দিতে পারেন।

নারকেলের পায়ের্স- প্রথমে কম আঁচে ২৫ মিনিট ধরে দুধ ফোটান। লঙ্কা রাশুন দুধ যেন ঘন হয়ে আসে। এরপর ঘন দুধে ৪ চামচ কনডেন্স মিক্স দিয়ে আরও কিছুক্ষণ ফুটিয়ে নিন। আঁচ যেন কম থাকে। এখানে দিয়ে একটি প্যানে ঘি বা মাখন গরম করুন। তাতে সুজি দিন। অল্প নাড়াচাড়া করুন। দেখবেন হাল্কা



বাদামি রঙের হয়ে যাবে। সুজি আলাদা করে রাখুন। এবার ওই পাত্রেই কোরানো নারকেল, ৫০ গ্রাম সুজি আর পরিমাণমতো চিনি দিয়ে ভাল করে মিশিয়ে নিন। গ্যাস বন্ধ করে ছোট ছোট নাড়ুর আকারে গড়ে নিন। দুধে অল্প অল্প সুজি দিয়ে ভাল করে মিশিয়ে নিন। বন্ধ করার ১ মিনিট আগে নারকেলের নাড়ু ছেড়ে দিন। তৈরি আপনার নারকেলের পায়ের্স।

করমন্ডল এক্সপ্রেসের লাইনচ্যুত হওয়ার পরিপ্ৰেক্ষিতে ট্রেন বাতিল

মালিগাঁও, ৩ জুন : দক্ষিণ পূর্ব রেলওয়ের অধীনে খড়গপুর ও ভদ্রক সেকশনের মধ্যে ১২৮৪১ (শালিমার-চেন্নাই সেল্টান) করমন্ডল এক্সপ্রেসের



লাইনচ্যুত হওয়ার পরিপ্ৰেক্ষিতে নিম্নলিখিত ট্রেনগুলি নীচের বিবরণ অনুযায়ী বাতিল করা হয়েছে। ট্রেন পরিষেবার বাতিলকরণ : ০৬ জুন, ২০২৩ তারিখে যাত্রা করার জন্য নির্ধারিত ট্রেন নং. ১২৫১০ (গুয়াহাটি - এসএমভিটি বেস্দালুরু) এক্সপ্রেস বাতিল থাকবে।

০৭ জুন, ২০২৩ তারিখে যাত্রা করার জন্য নির্ধারিত ট্রেন নং. ১২৫৫২ (কোমাল্যা - এসএমভিটি বেস্দালুরু) এক্সপ্রেস বাতিল থাকবে।

০৮ জুন, ২০২৩ তারিখে যাত্রা করার জন্য নির্ধারিত ট্রেন নং. ০৬০৭৪ (রাঙ্গাপাড়া নর্থ - ভারিডে জংশন) স্পেশাল বাতিল করা হয়েছে।

০৯ জুন, ২০২৩ তারিখে যাত্রা করার জন্য নির্ধারিত ট্রেন নং. ২২৫০৪ (ডিব্রুগড় - কনাকুমারী) বিবেক এক্সপ্রেস বাতিল করা হয়েছে।

০৩ জুন, ২০২৩ তারিখে যাত্রা করার জন্য নির্ধারিত ট্রেন নং. ২২৫১২ (কোমাল্যা - লোকমান্য তিলক টার্মিনাস) কর্মভূমি এক্সপ্রেস বাতিল করা হয়েছে।

শ্রীরামপুরে উদ্ধার ১ কোটি টাকার বেশি মূল্যের ভাং, গ্রেফতার দুই

কোকরাঝাড়, ৩ জুন : কোকরাঝাড় জেলার অন্তর্গত গোসাইগাঁও মহকুমার অসম-পশ্চিমবঙ্গ আন্তঃরাজ্য সীমান্তবর্তী শ্রীরামপুরের হারাপুটায় এবার ১ কোটি টাকার বেশি মূল্যের গাঁজা বাজেয়াপ্ত করেছে পুলিশ। আজ শনিবার গোসাইগাঁও মহকুমার শিমুলটাপু থানা কর্তৃপক্ষ জানান, গোপন খবরের ভিত্তিতে গতকাল রাতে ৩১ নম্বর (গ) জাতীয় সড়কের হারাপুটায় এনআরএল পেট্রোল ডিপোর সামনে অভিযান চালিয়ে বাজেয়াপ্ত করা হয়েছে ১ কোটি টাকার বেশি মূল্যের গাঁজা। জানা গেছে, জেএ ০২ এন ৭২৭৫ নম্বরের একটি ট্রাকে ইমামি কোশপানির সরষে তেলের প্যাকেটের নীচে লুকিয়ে পাচার করা হচ্ছিল এই গাঁজাগুলি। গাঁজাগুলি ট্রাকের ক্যাবিনে গোপন চেষ্টারে বোঝাই করে পাচার করা হচ্ছিল। গাঁজা পাচারের অভিযোগে ট্রাকের চালক ও সহ-চালক যথাক্রমে বিহারের প্রদীপ রাই এবং আনন্দ কুমারকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ জেরায় প্রদত্ত বয়ানে ধৃতরা নাকি জানিয়েছে, গাঁজাগুলি তারা গুয়াহাটির বরিগহাট থেকে বিহারের ভাগলপুরে নিয়ে যাওয়ার পরিকল্পনা ছিল তাদের।

হোজাইয়ে জালনোট সহ গ্রেফতার ২

অসম, ৩ জুন : হোজাই জেলা সদরে জালনোট সহ গ্রেফতার করা হয়েছে দুই অবৈধ কারবারিকে। হোজাইয়ে লাগজারি পার্ক হোটেল হানা দিয়ে পুলিশ বমাল দুই জালনোট কারবারিকে আটক করে থানায় নিয়ে যায়। থানায জিজ্ঞাসাবাদের ভিত্তিতে দুই জননোট কারবারিকে গ্রেফার করা হয়েছে। জানা গেছে, গোপন তথ্যের ভিত্তিতে অসম পুলিশের ক্রাইম ব্রাঞ্চের অতিরিক্ত পুলিশ সুপার অধীক্ষক পল্লব তামুলির নেতৃত্বে পরিচালিত হয় অভিযান। ওই অভিযানে জালনোট সহ মুকুলকুমার শাহ এবং সুনীলকুমার সাওসারিয়া নামের দুজনকে ধরে পুলিশ। ধৃত দুজনের হেফাজত থেকে বাজেয়াপ্ত করা হয় জাল ১,১১,৫০০ এবং আসল নগদ ২,১৩,৯০০ টাকা। এছাড়া তাদের একটি চার চাকার গাড়িও বাজেয়াপ্ত করেছে পুলিশ। জানা গেছে, ধৃত মুকুলকুমার শাহ এবং সুনীলকুমার সাওসারিয়া ডিব্রুগড় থেকে হোজাই এসেছিল। এখানে জালনোটগুলি হস্তান্তর করার কথা ছিল তাদের। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

মণিপুরে আবার বন্দুক হামলা, কুকি জঙ্গিদের গুলিবর্ষণে আহত প্রায় ১৫, সফটজনক দুই

ইম্ফল, ৩ জুন : মণিপুরে অব্যাহত বন্দুক হামলা। কুকি জঙ্গিদের ফের গুলিবর্ষণে আহত হয়েছেন প্রায় ১৫ জন নাগরিক। তাদের মধ্যে দুজনের শারীরিক অবস্থা সফটজনক বলে জানা গেছে। আহত সবাইকে ইম্ফলে রিজিওনাল ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সে (রিমস)-এ নিয়ে ভর্তি করা হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ চারদিনের মণিপুর সফরের শেষ দিন ১ জুন ইমফলে আগোজিত সাংবাদিক সম্মেলনের মাধ্যমে কুকি জঙ্গিদের সাসপেনশন অব অপারেশন (এসওএস)-এর গ্রাউন্ড রুল লঙ্ঘন না করতে সতর্ক করেছিলেন। তার পরও মণিপুরের বিভিন্ন প্রান্তে কথিত কুকি জঙ্গিরা অসামরিক নাগরিকদের লক্ষ্য করে গুলি হামলার নতুন ঘটনার খবর পাওয়া গেছে। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ মণিপুর ছেড়ে যাওয়ার একদিন পর, আজ শনিবার ভোররাত প্রায় ২.২০ মিনিট নাগাদ ইম্ফল পশ্চিম জেলার কচুপ ফায়েং এবং চিংখং গ্রামে অত্যাধুনিক বন্দুক দিয়ে হামলা চালায়। রাজ্য পুলিশের শীর্ষ সূত্রে জানা গেছে, দুই গ্রামে সন্দেহভাজন কুকি জঙ্গিদের বন্দুক হামলায় আহত হয়েছেন প্রায় ১৫ জন। তাদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক। আহত সবাইকে ইম্ফলে রিজিওনাল ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সে (রিমস)-এ নিয়ে ভর্তি করা হয়েছে। গ্রামবাসীদের উদ্ধৃত দিয়ে পুলিশের শীর্ষ সূত্রটি জানিয়েছে, বিপুল সংখ্যক কুকি জঙ্গি অত্যাধুনিক আগ্নেয়াস্ত্র নিয়ে কচুপ পাদদেশের আবুলেকা এলাকায় ঢুকে। তারা প্রথমে সেখানকার অসামরিক মানুষজনের বাড়ির পুড়িয়ে দেওয়ার চেষ্টা করে। গ্রামবাসী তাদের বাধা দেওয়ার চেষ্টা করলে সশস্ত্র জঙ্গিরা গুলি চালাতে আরম্ভ করে। সূত্রটি জানিয়েছে, সংশ্লিষ্ট দুই গ্রামে জঙ্গিরা



যখন হামলা চালায়, তখন খবর পেয়ে তৎক্ষণাত সেনাবাহিনী, বিএসএফ, আসাম রাইফেলস এবং রাজ্য পুলিশের দল গিয়ে হামলাবাজদের বিরুদ্ধে কড়া অবস্থান নিয়েছিল। ফলে যৌথ বাহিনীর তপরতায় ঘটনা বেশিদূর গড়াতে পারেনি। স্থিপার ভগ নিয়ে কথিং অপারেশন চলছে, জানিয়েছে রাজ্য পুলিশের শীর্ষ সূত্র। তবে কোসও ধরপাকড়ের খবর পাওয়া যায়নি। এদিকে সেকমাইয়ের বিধায়ক হেইখাম ডিঙ্গো জানান ইম্ফল পশ্চিম জেলার কচুপ ফায়েং এবং চিংখং গ্রামে কচুপ সন্দেহভাজন কুকি জঙ্গি সশস্ত্র মানুষের ওপর হামলা করে আশান্তি সৃষ্টি করেছে উদ্‌যত হয়েছে। তিনি বলেন, এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনা। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শাহের আবেদনেও তারা সাড়া দেয়নি। বিভিন্ন স্থানে বহু সাধারণ নাগরিক বন্দুকের গুলিতে আহত হয়েছেন। তিনিও এ ধরনের সহিংস তথা আগ্নিসংযোগের মতো কার্যকলাপ বন্ধ করতে কুকিদের প্রতি আবেদন জানান।

ট্রেন দুর্ঘটনায় আহতদের রক্ত দিতে বালেশ্বর-সহ নানা স্থানে লাইন মানুষের, মানবিকতা দেখল দেশ



বালেশ্বর, ৩ জুন : চারিদিকে শুধুই ধ্বংসের ছবি। সন্দের সঙ্গে সঙ্গে ক্রমশঃ বাড়ছে মৃত্যুর সংখ্যা। লাক্ষিয়ে বাড়ছে আহতের সংখ্যাও। শুক্রবার সন্ধ্যায় দুর্ঘটনার কবলে পড়ে চেন্নাইগামী করমণ্ডল এক্সপ্রেস এবং বেস্দালুরু- হাওড়া সুপারফাস্ট এক্সপ্রেস। একই সঙ্গে দুর্ঘটনাগ্রস্ত হয় একটি মালগাড়িও। এই ৬ ট্রেনের দুর্ঘটনায় ওড়িশার বালেশ্বর এখন মৃত্যুপুরী। শনিবার ভোরে আলো

ফুটতেই দুর্ঘটনার বীভৎস চেহারা প্রকাশ্যে এসেছে।

চারদিকে রক্ত পড়ে রয়েছে। মানুষের হাহাকার। এই

পরিস্থিতিতে আহতদের চিকিৎসায় রক্তদানের হিড়িক পড়ল বালেশ্বরে। স্বচ্ছরায় রক্ত দিয়ে বহু মানুষের ভি। দেখা গিয়েছে বিভিন্ন হাসপাতালে। ওড়িশার বিভিন্ন হাসপাতালে চলছে আহতদের চিকিৎসা। অল্প আন্ততদের প্রাথমিক চিকিৎসার পর নিজ নিজ গন্তব্যস্থানে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। এদিকে, দুঃখের এই প্রহরে সামনে এসেছে এক অনন্য মানবিক ছবি। আহতদের সাহায্য করতে ওড়িশার বিভিন্ন হাসপাতালে রক্তদানের জন্য

গরমে দেদার আইসক্রিম খাচ্ছেন? সাবধান, এই বিপদের জন্য তৈরি থাকুন



তয়্যাবেটিক রোগীরাও আইসক্রিম খেতে পারেন চিকিৎসকের পরামর্শ অনুযায়ী। আইসক্রিমে প্রচুর পরিমাণে চিনি থাকে। যা শরীরে ক্যালোরির মাত্রা বাড়ায়। অতঃপর ক্যালরি বাড়লে ওজনও বৃদ্ধি পাবে, সেটাই স্বাভাবিক। ৩. যেসমস্ত উপকরণ দিয়ে আইসক্রিম তৈরি হয়, তাতে প্রচুর মাত্রায় স্যাক্‌চেরেটেড ফ্রাট থাকে। যা শরীরে এনার্জি জোগানোর পাশাপাশি বিশেষ এনজাইম উপাদান করে

রান্নার আগে ম্যারিনেশন করার অভ্যাস? এই ডুলগুলি কখনও করাবেন না



স্বাদ খারাপ হতে পারে। মাছ কিংবা মাংস ম্যারিনেশন করা হয়ে গেলে গরমে রেখে দেবেন না। তাতে ক্ষতি হতে পারে। বরং এই ধরনের খাবার ফ্রিজে রাখা উচিত। তাহলেই তাজা থাকবে। আর মাছ, মাংস, পনিরে মশলা মাখানোর সময় কাচের বাসন ব্যবহার করাই ভাল।

অমৃতসরের স্বর্ণমন্দিরের কাছে ভুয়ো বোমাতঙ্ক! সতর্ক পুলিশ

অমৃতসর, ৩ জুন : মধ্যরাতে অমৃতসরের স্বর্ণমন্দিরের কাছে ভুয়ো বোমাতঙ্ক সতর্ক করল পাঞ্জাব পুলিশকে। খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে ছুটে যায় বহু ডিসপোজাল স্কোয়াড ও পুলিশ। অনেক খোঁজাখুঁজির পর কোনও বোমা না পাওয়া গেলেও পুলিশ তিন নাবালক- সহ চারজনকে হেফাজতে নিয়েছে বলে জানা গেছে। তারাই পুলিশকে ফোন করেছিল বলে অভিযোগ। পুলিশ আধিকারিকরা অবশ্য ঘটনার সত্যতা নিশ্চিত করেননি। পুলিশ সূত্র জানিয়েছে, মধ্যরাত একটি নাগাদ পুলিশ একটি ফোন পায় এবং ফোনে বলা হয় স্বর্ণ মন্দিরের কাছে চারটি বোমা রাখা হয়েছে। পুলিশ বারবার এই নম্বরে ফোন করলেও কেউ ফোন ধরেনি। পুলিশ এলাকা স্ক্যান করলেও কোনও বোমা পায়নি। পুলিশ পরে ২০-বছর-বয়সী যুবক, ককেজন্ নাবালককে হেফাজতে নিয়েছে।

বুনোহাতির হামলায় আহত মহিলা

অসম, ৩ জুন : তিনসুকিয়া জেলার অন্তর্গত মারেঘরিটা মহকুমায় দিন নিনী বেড়েই চলেছে হাতি-মানুষের সংঘাত। বিগত দিনের মতো আজ শনিবার ভোররাতেও মারেঘরিটার অশ্রিত ডিরক চা বাগানে বুনো হাতির হামলায় জনৈক অতি সক্ষম (দীবাঙ্গ) মহিলা গুরুতভাবে আহত হয়েছেন। আহত মণিকা বাকতিকে চা বাগানের হাসপাতালে ভর্তি করা হয়েছে। জানা গেছে, আজ ভোররাত প্রায় ২.৩০ টায় ডিরক চা বাগানে ১১ নম্বর লাইনে বুনো হাতির এক দল ঢুকে ব্যাপক উপদ্রব চালিয়ে বিস্তর ক্ষয়ক্ষতি করেছে। হাতির দল বাগানের একটি বাসগৃহে ভাঙচুর চালায়। ওই বাসগৃহে পরিবারের অন্য সদস্যদের সঙ্গে শারীরিকভাবে দীবাঙ্গ মণিকা বাকতিও পরিবারের অন্য সদস্যরা পাল্লাতে সক্ষম হলেও গুরুতরভাবে আহত হয়েছেন মণিকা। হাতির দল চলে যাওয়ার পর স্থানীয়রা তাঁকে বাগানের হাসপাতালে নিয়ে যায়। তাঁর চিকিৎসা চলছে। খোঁজ নিয়েছেন বন দফতর।

মেট্রের হেঙ্গলাইন নম্বরে সুবিধা

কলকাতা, ৩ জুন : সাধারণভাবে যাত্রীদের এবং বিশেষ করে মহিলা যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে, মেট্রো রেলওয়ে মহিলা হেঙ্গলাইন নং. ৯০০৭০৪১৯০৮ এবং নিরাপত্তা হেঙ্গলাইন নম্বর ৯০০৭০৪১৭৮৯ চালু করেছে যাতে যাত্রীরা মেট্রোতে ভ্রমণের সময় এই নম্বরগুলির মাধ্যমে জরুরি ক্ষেত্রে সাহায্য চাইতে পারেন। মেট্রো রেল ভবনে নিরৈদিত কর্মীদের মোতায়েন করা হয়েছে এই নম্বরগুলিতে যে কোনও কল পেতে এবং মেট্রো যাত্রীদের তাৎক্ষণিক সহায়তা প্রদানোর জন্য সেই অনুযায়ী কাজ করতো। এই হেঙ্গলাইন নম্বরগুলি আমাদের যাত্রীদের সুবিধার জন্য মেট্রো রেকের ভিতরে এবং মেট্রো স্টেশনগুলিতে প্রদর্শিত হয়। ফলস্বরূপ, এই নম্বরগুলি জনপ্রিয়

Name Change
I, Md Akhtar alias Md Akhtar Hossain (Old Name) S/o Md Neoyagi resident of Z-3/238/21/A, Bagdi para Road, P.S.- Nadial, Kolkata – 700044 have changed my name to (henceforth known as) Md Akhtar Hussain vide affidavit dated 03.06.23 sworn before Notary Public at Kolkata. Md Akhtar alias Md Akhtar Hossain and Md Akhtar Hussain is the same and one identical person.

Name Change
I, Johra Begam W/o Abu Hossain Thandar, age-62 years, R/O- Santoshpur, Thandar Para, P.O.-Santoshpur(M), P.S.- Mahestala, Kolkata – 700142,Dist- South 24 Pargans, hereby de- clare that by virtue of Affidavit dated 11.05.23 sworn before the court of Ld 1st Class 6th Judicial Magistrate Alipore, henceforth I shall be known as Johra Bibi,W/o Abu Hossain Thandar instead of Johra W/o Abu Hossain Thandar.

Name Change
I TANMOY MANDAL S/O PANU MANDAL R/O HANUMAN MANDIR, MURAGACHHA, PS- GHOLA, NORTH 24 PARGANAS-700110 SHALL HENCEFORTH BE KNOWN AS TONMOY MONDAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 01/06/2023

Name Change
I, Bikashchandra Rauth alias Dr. Bikash Chandra Routh (Old Name) S/o Late Gopal Chandra Routh, resident of 106, M.B. Road, Nimta, North 24 Parganas, Kolkata – 700049 WB India, have changed my name to (hence- forth known as)Bikash Chandra Routh vide affidavit dated 03.06.23 sworn before Notary Public at Kolkata. Bikashchandra Rauth alias Dr. Bikash Chandra Routh and Bikash Chandra Routh is the same and one identical person.

Name Change
I, Papiya Khatun (Old Name) S/o Mosta Mallick, resident of Raghabpur, Jashore , Habra, North 24 Parganas Pin – 743233, WB India, have changed my name to (henceforth known as) Kartick Chandra Naiya(New Name) vide affidavit dated 03.06.23 sworn before Notary Public at Kolkata. Kartik Chandra Naiya and Kartick Chandra Naiya is the same and one identical person.

Name Change
I, Srila Datta (Old Name) W/o Bikash Chandra Routh, resident of 106, M.B. Road, Nimta, North 24 Parganas, Kolkata – 700049, WB India have changed my name to (henceforth known as) Sreela Routh(New Name) vide affi- davit dated 03.06.23 sworn before No- tary Public at Kolkata. Srila Datta and Sreela Routh is the same and one iden- tical person.

Name Change
I, Lutfar Rahaman (Old Name) S/o Late Mohammed Yasin Molla , resident of , W-142, Hazi Ratan Lane, PS- Rajabagan Kolkata – 700018, WB India, have changed my name to (henceforth known as)Lutfar Rahaman Molla (New Name) vide affidavit dated 03.06.23 sworn before Notary Public at Kolkata. Lutfar Rahaman and Lutfar Rahaman Molla is the same and one identical person.

Name Change
I, BASIR ALI KHAN (Old Name) S/o APIYAR ALI KHAN, resident of NORTH PANCHLAPO & PS PANCHLA,HOWRAH RURAL - Pin711322, WEST BENGAL, India, have changed my name to (henceforth known as) MAHAMMAD BASIR AMED KHAN (New Name) vide affidavit dated 03.06.23 sworn before Notary Public at Kolkata. BASIR ALI KHAN and MAHAMMAD BASIR AMED KHAN is the same and one identical person.

Name Change
I, Kartik Chandra Naiya (Old Name) S/o Late Tarapada Naiya, resident of ,556,Laskarhat, P.O.- Tiljala, P.S.- Kasba, Kolkata – 700039, WB India, have changed my name to (henceforth known as) Kartick Chandra Naiya(New Name) vide affidavit dated 03.06.23 sworn be- fore Notary Public at Kolkata. Kartik Chandra Naiya and Kartick Chandra Naiya is the same and one identical person.

Name Change
I, SOUMADEEP MUKHERJEE (Old Name) S/ o SRIKANTA MUKHERJEE, resident of SHREE HOUSING COMPLEX ,C-203 LIG NEWTOWN, PO NEWTOWN, Bidhanagar, 700156, WEST BENGAL, India, have changed my name to (henceforth known as) SOUMYADEEP MUKHERJEE (New Name) vide affidavit dated 03.06.23 sworn before Notary Public at Kolkata. SOUMADEEP MUKHERJEE and SOUMYADEEP MUKHERJEE is the same and one identical person.

হয়ে উঠেছে এবং মেট্রো প্রাপ্তনে শিশু / আত্মীয়দের হারানো/ ব্যাণ অন্য্য্য মূল্যবান জিনিসপত্র হারানোর মতো ক্ষেত্রে সাহায্য চাইতে যাত্রীরা এই নম্বরগুলিতে কল করতে স্বাচ্ছন্দ্য বোধ করে। মেট্রো কর্তৃপক্ষ সবসময় এই ধরনের ক্ষেত্রে সতর্ক এবং সতর্ক থাকে এবং নির্ধারিত নিয়ম অনুযায়ী তাৎক্ষণিক সাহায্য প্রদান করে। ২০২৩ সালের জানুয়ারি থেকে মে পর্যন্ত, এই হেঙ্গলাইন নম্বরগুলিতে মোট ২০১৩ টি এই ধরনের জরুরী কল এসেছে এবং সমস্ত কল অ্যাক্টেড করা হয়েছিল এবং অবিলম্বে প্রতিকারমূলক পদক্ষেপ নেওয়া হয়েছিল এবং কলকারীদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়েছিল। জরুরী পরিস্থিতিতে প্রয়োজনীয় সহায়তা সাহায্য পাওয়ার পর মেট্রো যাত্রীরা মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়েছেন যা আমাদের জন্য উৎসাহিত করেছে এবং আমরা মেট্রো প্রাপ্তনে তাদের মঙ্গলের জন্য সর্বোচ্চ সম্ভাব্য পরিষেবা এবং যত্ন প্রদান করতে বদ্ধপরিকর।

Name Change
I MEHABUB ALI BAIDYA S/O ABDUL KARIM BAIDYA R/O BAIASHATA, KILLA DURGANAGAR, SOUTH 24 PARGANAS-743338 SHALL HENCEFORTH BE KNOWN AS MEHEBUB BAIDYA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 01/06/2023

Name Change
I, Ronak Akshay Batavia (Old Name) S/o Akshaykumar Shantilal Batavia, resident of 35/7, Puddapukur Road, Amarapalli Apartment, P.S.- Ballygunge Kolkata – 700020 have changed my name to (henceforth known as) Ronak Akshaykumar Batavia (New Name) vide affidavit dated 03.06.23 sworn before Notary Public at Kolkata. Ronak Akshay Batavia and Ronak Akshaykumar Batavia is the same and one identical person.

Name Change
I, Mahaveer Prasad Pancharia (Old Name) S/o Bhanwarlal Pancharia, resident of 1/11, Aranbinda Nagar, 2nd floor, PS- Jadavpur, Kolkata -700032, WEST BENGAL, India, have changed my name to (henceforth known as) Mahaveer Pancharia (New Name) vide affidavit dated 03.06.23 sworn before Notary Public at Kolkata. Mahaveer Prasad Pancharia and Mahaveer Pancharia is the same and one identical person.

Change of Name / Surname
I RUMELI DUTTA W/O PRIYAM GHOSH R/O - P-216,UNIQUE PARK,DEBALAYA, PS- PARNASREE, Kolkata, 700034, West Bengal, INDIA , SHALL HENCEFORTH BE KNOWN AS RUMELI GHOSH & RUMELI DUTTA Both person are same. VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON DATE 27/05/2023.

Name Change
I, FAUZIA SAHA (Old Name) D/o Yusuf Hafeesje, resident of 151/A/ 1, Samsul Huda Road, Circus Avenue, Kolkata -700017, WEST BEN- GAL, India, have changed my name to (henceforth known as) Fauzia Hafeesje(New Name) vide affidavit dated 03.06.23 sworn before No- tary Public at Kolkata. FAUZIA SAHA and Fauzia Hafeesje is the same and one identical person.

Name Change
I, MAMTA SHAH (Old Name) D/o Rajendra Gond and W/o Chandrama Shah, resident of BL-New, 3rd-FR FI- 3B, B3-38/4/78/1-2 Santoshpur Govt Mollargate, Diamond Harbour, Pin- 700412, WEST BENGAL, India, have changed my name to (henceforth known as) Mamta Shah (New Name) vide affi- davit dated 03.06.23 sworn before No- tary Public at Kolkata. MAMTA SHAH and Mamta Shah is the same and one iden- tical person.

Name Change
I, Jinat Begam W/o Shiraja Thandar, age-32 Santoshpur, Thandar Para, P.O.- Santoshpur(M), P.S.- Mahestala, Kolkata – 700142,Dist- South 24 Pargans, hereby declare that by virtue of Affidvit dated 11.05.23 sworn before the court of Ld 1st Class 6th Judicial Magistrate,Alipore, henceforth I shall be known as Jinat Khatun W/o Shiraja Thandar instead of Jinat Begam.

Name Change
I, Dali Roy (New Name) W/o Uday Roy residing at Station Para Ward No. – 16, P.O & P.S – Dhuburguri , Dist- Jalpaiguri, Pin- 735210 (WB) declare that I have changed my Name from Doli Roy to Dali Roy(New Name) and henceforth shall be known as Dali Roy in all purpose vide Affidvit date 03.06.23 sworn before Notary Public at Kolkata. Dali Roy and Doli Roy is the same and one identical person i.e., myself.

Name Change
I, Uday Roy S/o Late Horigopal Roy, resident of Station Para Ward No. – 16, P.O & P.S – Dhuburguri , Dist- Jalpaiguri, Pin- 735210 (WB) declare that I have changed my minor daughter's Name from Mukta Roy (Old Name) to Udita Roy (New Name) and henceforth she will be known as Udita Roy (New Name) in all purpose vide Affidvit date 03.06.23 sworn before Notary Public at Kolkata. Uday Roy and Mukta Roy is the same and one identical person i.e., my daughter.

উড়িষ্যার বালাসরের কাছে হঠাৎ বীভৎস্য আওয়াজ এবং কাঁপুনি দিয়ে ট্রেন থেমে যায়! তারপর সব লন্ডভন্ড হয়ে গেল আতঙ্ক নিয়েই বলল সুখেন রায়

গোপাল বিশ্বাস, নদীয়া, ৬ জুন : গতকাল বালেশ্বরে ট্রেন দুর্ঘটনা কবলে পড়ে করমন্ডল এক্সপ্রেস মৃত ও আহতর সংখ্যা বেড়েই চলেছে। সংশ্লিষ্ট মহলের দাবী এখনো পর্যন্ত বড় ও ভয়াবহ ট্রেন দুর্ঘটনা এটি। ইতিমধ্যে এই দুর্ঘটনার খবর পেয়ে রাজ্য সরকার ও রেল দফতরের তরফে খোলা হয়েছে একাধিক কন্ট্রোল রুম, সহ শুরু করেছে উদ্ধার কাজ ও যাত্রীদের খোঁজে তল্লাশি। পাশাপাশি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও নিজে ঘটনাস্থলে যান। পাশাপাশি এই ট্রেন দুর্ঘটনার খবর প্রচার হতেই আতঙ্কের ছাপ শুরু হয় ট্রেন যাত্রীদের পরিবারের। তেমনি ট্রেনে থাকা নদীয়ার হাবিবপুরের দুয়ার পাড় এলাকার সুখেন রায় নামে এক যুবক বাড়ি ফিরলো শনিবার সকালে। বাড়িতে ফিরলেও চোখে মুখে আতঙ্ক ছাপ কাটেনি তার। এখনো সেই ঘটনার কথা মনে পড়লে আতকে উঠছেন তিনি। মা মলিনা রায়কে , ট্রেন দুর্ঘটনার প্রবল থেকে বেঁচে প্রথমে ফোন করেছিলেন ছেলে সুখেন রায়। জানান ভালো আছি বাড়ি ফিরছি। এই প্রসঙ্গে বীভৎস সেই



দুর্ঘটনার চাক্ষুষ প্রত্যক্ষদর্শী সুখেন রায়ের আমাদের জানানেন সেই লোমহর্ষক দুর্ঘটনার কথা। তিনি বলেন, তিনি কাঠের কাজ করেন। এখানে কাজকর্ম না থাকায়, বছর সাতেক আগে চেন্নাইতে যান। এই নিয়ে তার ৬-৭ বার যাত্রা। গতকাল শালিমার থেকে তিনটে কুড়ির ট্রেনে তিনি উঠেছিলেন। আনুমানিক সাড়ে ছটা নাগাদ উড়িষ্যার বালাসরের কাছে হঠাৎ বীভৎস আওয়াজ এবং কাঁপুনি দিয়ে ট্রেন থেমে যায়। তার কম্পার্টমেন্টে লাগেজ সহ যাত্রীরা ট্রেনের মেঝেতে পড়ে গিয়ে ছোটখাটো আঘাত পেলেও বড়সড় কিছু হয়নি। প্রচন্ড ভয় পেয়ে, বেশ কয়েকজনকে ট্রেন থেকে হাত ধরে নামান। অবশ্য কয়েকটি অ্যান্ডুলেস গাড়ি এবং অল্প কিছু পুলিশ উপস্থিত ছিলো, সেখান থেকে কেরালা যাওয়ার বাস ট্রেন কিছুই মিলবে না জেনে, স্থানীয়দের পরামর্শ মত আধ

ঘণ্টা হেঁটে হাইওয়েতে পৌঁছান। সেখান থেকে বাসে করে শিয়ালদহ, এবং অবশেষে আজ ভোরের ট্রেন ধরে হাবিবপুরের বাড়িতে।



মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় প্রায় ১৫ কোটি টাকা ব্যয়ে মোথাবাড়ি বিধানসভা কেন্দ্রের অন্তর্গত আলিনগর গ্রাম পঞ্চায়েত ও হামিদপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে পরিশ্রুত পানীয় জল সরবরাহ প্রকল্পের শুভ শিলান্যাস করলেন মন্ত্রী সাবিনা ইয়াসমিন। জল সমস্যা মেটাতে এই উদ্যোগের ফলে দুই গ্রামের প্রচুর মানুষ উপকৃত হবে।

করমণ্ডল এক্সপ্রেসে দুর্ঘটনায় মৃত্যু পরিযায়ী শ্রমিকের

দুরন্ত বার্তা, নাগরাকাটা, ৬ জুন : করমণ্ডল এক্সপ্রেসে দুর্ঘটনার পর থেকে একের পর এক আসছে মৃত্যুর খবর। করমণ্ডল এক্সপ্রেসে চেন্নাই যাওয়ার পথে মালদার এক পরিযায়ী শ্রমিকের মৃত্যুর খবর মিলেছে শনিবার ভোরে। এবার মৃত্যুর খবর মিলল ডুয়ার্সের চা বলয়ের আরও এক পরিযায়ী শ্রমিকের। মৃত শ্রমিকের নাম সাগর খাড়িয়া, বয়স ৩০। সে নাগরাকাটা ব্লকের নাগরাকাটা চা বাগানের ফুটবল লাইনের বাসিন্দা। এই ঘটনায় চাবাগানে শেকের ছায়া নেমেছে। মৃতের পরিবার সূত্রে জানা গিয়েছে, গত তিন মাস আগে নাগরাকাটা চা বাগানের ১৩ জন যুবক বেস্কালুরু গিয়েছিলেন একটি হোটেল কাজ করতে। গতকাল তারা বেস্কালুরু-হাওড়া ডাউন হামসফর এক্সপ্রেসে বেস্কালুরু থেকে হাওড়ায় ফিরছিলেন। শনিবারই তাদের বাড়ি ফেরার কথা ছিল এক মাসের ছুটিতে। এই ভয়াবহ ট্রেন দুর্ঘটনায় প্রাণ হারান সাগর খাড়িয়া। কম বেশি আহত বাকি ১২ জন যুবক। প্রত্যেকেরই একই এলাকার বাসিন্দা। এদিন সকালে আহত যুবকের মাথামে সাগরের মৃত্যুর খবর আসে চা বাগানে। যখন খবর আসে সেই সময় সাগরের মা গিয়েছিলেন চা বাগানে পাতা তুলতে। সহকর্মীরাই এই দুঃখের সংবাদ জানায় সাগরের মাকে। এদিকে, ট্রেন দুর্ঘটনায় মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই নাগরাকাটা চা বাগানের ফুটবল লাইনে শোকের ছায়া নেমে পড়েছে। কিভাবে বালেশ্বর থেকে সাগরের দেহ ফেরাতে প্রশাসনের সহযোগিতা চেয়েছেন পরিবারের লোকেরা। নাগরাকাটার হতাহতদের ফেরাতে ওড়িশা প্রশাসনের সঙ্গে যোগাযোগ শুরু করেছে জলপাইগুড়ি জেলা প্রশাসন।

ট্রেন দুর্ঘটনার পর বরাতজোরে ফিরলেন ঝাড়গ্রামের তিন আহত যাত্রী

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ৬ জুন : চিকিৎসা করাতে গিয়ে বাড়ি ফেরার পথে অব্যবহ ট্রেন দুর্ঘটনার কবল থেকে প্রাণে বেঁচে ফিরলেন ঝাড়গ্রামের তিন জন। তাদের মধ্যে দু’জন চিকিৎসাধীন অবস্থায় রয়েছে ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ ও হাসপাতালে। ঝাড়গ্রামের বেতকুন্ডীর বাসিন্দা, দুই ভাই রফিক ও এমরোজ খাঁ এবং তাঁদের বাবা খলিল খাঁ ফিরছিলেন কটক থেকে। বাবার চিকিৎসার জন্য সেখানে গিয়েছিলেন তাঁরা। শুক্রবার সন্ধ্যায় তাঁরা ছিলেন বেস্কালুরু হাওড়া এক্সপ্রেসে। ওড়িশার বালেশ্বরের কাছে মালগাতি এবং চেন্নাইগামী করমন্ডল এক্সপ্রেসের দুর্ঘটনা ঘটে। তার কিছুক্ষণ পরেই হাওড়াগামী বেস্কালুরু হাওড়া এক্সপ্রেসে দুর্ঘটনা ঘটে। ট্রেনের শেষের দিকে জেনারেল বগিতে ছিলেন তাঁরা। দুর্ঘটনার জোরে জ্ঞান হারান তাঁরা। তাঁদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। জ্ঞান ফিরলে সেখান থেকে তাঁরা পরিবারকে ফোন করে বিষয়টি জানান। তারপরেই ঝাড়গ্রাম থেকে পরিবারের লোকজন গাড়ি নিয়ে রওনা দেন বালেশ্বরের উদ্দেশ্যে। এমরোজ খান বলেন, আমরা কটক থেকে খড়গপুরে আসছিলাম। ট্রেনে বসে মোবাইল দেখলাম, তখন প্রায় ৭টা ১৫ বাজো। মোবাইল বন্ধ করে পরকেট রেখেছি। তার কয়েক মিনিটের মধ্যেই বিকট একটা আওয়াজ হয়। আমরা সকলেই আসন থেকে নীচে পড়ে যাই। তিনি আরও বলেন, ট্রেন উল্টে যাওয়ার পর আমি ট্রেনের উপরে উঠে নীচে ঝাঁপ দিই। এরপর আমি অজ্ঞান হয়ে যাই। পরে পাশাপাশি গ্রামের লোকজন এসে আমায় জল দেয় এবং আমি জ্ঞান ফিরে পাই। আমার সঙ্গে যে আরও দু’জন ছিল তাদেরকে কে কী ভাবে উদ্ধার করল তা আমি কিছুই জানি না। এমরোজ বলেন, তাদের সঙ্গে আমার প্রায় জ্ঞান ফিরে পাওয়ার আধ ঘণ্টা পরে দেখা হয়েছে। বাবার বুকে লেগেছে।

বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় বাবার মৃত্যু, মেয়ের অবস্থা আশঙ্কাজনক

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ৬ জুন : মেয়েকে বাঁকে করে নিয়ে বাড়ি ফেরার পথে পথ দুর্ঘটনায় মৃত বাবা আশঙ্কাজনক মেয়ে। শুক্রবার বিকেলে মর্মান্তিক পথ দুর্ঘটনাটি ঘটেছে উত্তর দিনাজপুর জেলার ইটাহার থানার আমপাড়া এলাকায় ১২ নম্বর জাতীয় সড়কে। জানা যায়, এদিন জয়হাট অঞ্চলের চাঁকলা এলাকার বাসিন্দা আবু তাহের ইটাহার ড. মেঘনাদ সাহা কলেজ থেকে মেয়ে নাজেরা খাতুনকে সঙ্গে নিয়ে বাঁকে বাড়ি ফিরছিলেন। সেই সময় আমপাড়া এলাকায় ১২ নম্বর জাতীয় সড়কে মালদা

মুখী একটি গাড়ি তাদের বাঁকে পিছন থেকে থাক্ষা মারে। ঘটনার জেরে জাতীয় সড়কে রক্তাক্ত অবস্থায় ছিটকে পড়ে বাবা ও মেয়ে। মর্মান্তিক পথ দুর্ঘটনার ফলে চাঞ্চল্য ছড়ায় আমপাড়া এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে যায় ইটাহার থানা ও চেকপোস্ট ফাঁড়ির পুলিশ সহ হাইওয়ে কর্তৃপক্ষের মেডিক্যাল কর্মীরা। স্থানীয় বাসিন্দাদের সহযোগিতায় হাইওয়ে কর্তৃপক্ষের অ্যান্ডুলেসে অশ্রদ্ধাজনক অবস্থায় বাবা আবু তাহের ও মেয়ে নাজেরা খাতুনকে ইটাহার গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে। সেখানে কর্তব্যরত চিকিৎসক আবু তাহেরকে মৃত বলে ঘোষণা করে এবং আশঙ্কাজনক অবস্থায় নাজেরা খাতুনকে রায়গঞ্জ জেলা হাসপাতালে স্থানান্তর করে চিকিৎসক। মর্মান্তিক কত দুর্ঘটনা শোেকের ছায়া নেমেছে মৃত আবু তাহেরের পরিবার সম জয়হাট অঞ্চলের চাঁকলা এলাকায়।

ঘরে ফিরলেন সবার সহযোগিতায়, চিকিৎসায় তদারকি জেলা প্রশাসনের, কয়েকজন নিখোঁজ

দুরন্ত বার্তা, বীরভূম, ৬ জুন : বীরভূম জেলা প্রশাসনের আশ্রাসে যে পারলো না মরে থাকলো। দিতে হতে পারে। সমস্ত ছুটি বাদ

দুর্ঘটনার আতঙ্ক কাটেনি সিউড়ি সদর হাসপাতালে ভর্তি আহতদের চোখে মুখে। ফোন সুইচ অফ। কয়েকজন নিখোঁজ। পরিবার কান্নায় ভেঙে পড়ছে। শনিবার জেলা শাসক বিধান রায়, জেলা সভাপতি বিকাশ রায়চৌধুরী, বিধায়ক নীলাবতী

সাহারা সিউড়ি সদর হাসপাতালে বালেশ্বর ট্রেন দুর্ঘটনায় আহত ভর্তি রোগীদের তদারকি করেন। জেলাশাসক এবং জেলা সভাপতি তাঁদের আশ্রস্ত করে বলেন, সরকার আপনাদের পাশে আছে। দুঃশিস্তার কোনো কারণ নেই। জেলা সমাহর্তা করণ এবং প্রতি মহকুমাতে খোলা হয়েছে কন্ট্রোল রুম। পাশাপাশি, জেলা থেকে পাঠানো হয়েছে লোকজন, অ্যান্ডুলেস সহ সমস্ত রকম ব্যবস্থা। বিকাশ রায়চৌধুরী জানান, গোটা জেলায় কুড়ি-বাইশ জন মতো লোকজন আছে। বহরাজপুর রকের পালাশবুনি গ্রামের ঋতা ওরফে আরতি বাগদি নামে এক মার বয়সী মহিলা মারা গেছেন। তাঁর এক ছেলে ওখানে আছে। স্বামী স্বাধীন বাগদি জানান, যে পারলো উঠলো।

পরিস্থিতিতে চিকিৎসা চলাছে। শনিবার আহত রোগীদের সিটি স্ক্যান সহ সমস্ত ধরনের ছবি ও টেস্ট সম্পূর্ণ হয়েছে। হাসপাতালে ভর্তি আছেন সাঁইখিয়ার দক্ষিণ সিজা গ্রামের সেখ বাবর আলি, সেখ ইনতিয়াজ, সেখ মিঠু, সেখ কিতাবুল, সেখ আরেবুল, সেখ সজিব, সেখ নাসমুল, সেখ

নাজমুল। তারা প্রত্যেকেই জানিয়েছেন, দুর্ঘটনাস্থল থেকে আসা পর্যন্ত প্রশাসন তাদের সাহায্য করছে। অন্যদিকে, এই ট্রেনে করেই হাওড়া থেকে চেন্নাই যাচ্ছিল শান্তিনিকেতনের কোপাইয়ের নোওয়ালডাঙা গ্রামের তিনজন যুবক। গুরুতরভাবে জখম ধনঞ্জয় কোঁড়ার খোঁজ পাওয়া গেলেও, খোঁজ নেই তুফান কোঁড়া ও মৃত্যুঞ্জয় কোঁড়ার। তারা বালেশ্বর হাসপাতালে ভর্তি। অনেকেই নিখোঁজ। পরিবারের সদস্যরা চাইছেন সুস্থ অবস্থায় ঘরের ছেলে ধরে ফিরে আসুক। ধনঞ্জয় কোঁড়ার দাদা উজ্জ্বল কোঁড়া জানান, ওড়িশার বালেশ্বর হাসপাতালে ভর্তি আছে ভাই। বাকি দুজনের খোঁজ নেই। পরিবারের সঙ্গে সেখানে গেছে। প্রশাসন সাহায্য করছে।

উত্তাল হল জলপাইগুড়ির পাতকাটা গ্রাম পঞ্চায়েত এলাকা, তৃণমূলের জেলা সভাপতি কৃষ্ণ দাসের ওপর হামলা

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৬ জুন : শুক্রবার রাতে চাঞ্চল্যকর এই ঘটনা ঘটেছে জলপাইগুড়ি সদর ব্লকের পাতকাটা গ্রাম পঞ্চায়েতের রংখামালি সংলগ্ন ভোড়ালিয়া হেলথ সেন্টার এলাকায়। স্থানীয় সূত্রে জানা গেছে এলাকায় বেআইনি মদ বিক্রি ও অসামাজিক কাজকর্ম রূপতে অভিযান চালিয়েছিলেন জলপাইগুড়ি সদর ব্লকের বারোপাটিয়া ও পাতকাটা গ্রাম পঞ্চায়েতের প্রধান উপপ্রধান সহ এলাকার কিছু মানুষ। তৃণমূল নেতা কৃষ্ণ দাসের নেতৃত্বে এই অভিযান চালানো হয়। ওই সময় কিছু দুষ্কৃতি আচমকায় তৃণমূল নেতার ওপর আক্রমণ করে বলে অভিযোগ। ঘটনায় গুরুতর আহত হন তৃণমূল নেতা কৃষ্ণ দাস সহ আরও একজন। রাতেই তাদের জলপাইগুড়ি মেডিকেল কলেজে হাসপাতালে নিয়ে আসা হয়। পর সেখান থেকে তার সূচিকিৎসার জন্য শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে জলপাইগুড়ির

অপরাধ দমনে কঠোর পশ্চিম জেলা পুলিশ, রাতে টহলদারি কঠোর

আগরতলা, ৩ মে জুন : অপরাধ দমনে কঠোর পদক্ষেপ নিয়েছে পশ্চিম জেলা পুলিশ প্রশাসন। শুক্রবার রাতে পুলিশ সুপার কিরণ কুমারের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী রাজধানীর বিভিন্ন জায়গায় অভিযান চালিয়েছিল। শহরের নিরাপত্তা সুরক্ষিত রাখতে পুলিশের টহলদারি আগামী দিনেও জারি থাকবে বলে জানিয়েছেন কিরণ কুমার। এদিন তিনি বলেন, নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালাছিলেন তাদের মধ্যে ৩-৪জন যুবককে আটক করা হয়েছে। সাথে দুইটি গ্যািও বাজেয়াপ্ত করা হয়েছে। সাথে তিনি যোগ করেন, রাত যত বাড়তে থাকে একাংশ নেশাগ্রস্ত যুবকরা সক্রিয় হয়ে ওঠেন। নেশাগ্রস্ত অবস্থায় যান বাহন নিয়ে রাস্তায় নামেন। এর ফলে প্রতিনিয়ত যান দুর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। এখন থেকে তাদের বিরুদ্ধে গভীর রাতে শহরে পুলিশের টহলদারি থাকবে। রাজ্যবাসীও চাইছেন ত্রিপুরায় আইন-শৃঙ্খলা ও শান্তি বজায় রাখতে এবং দুর্ঘটনা রোধে পুলিশ প্রশাসন এরকম অভিযান চালিয়ে যাক।

বারোপাটিয়া ও পাতকাটা এলাকায়। তৃণমূল নেতা তথা কৃষ্ণ দাস বলেন, পাতকাটা গ্রাম পঞ্চায়েতের প্রধান, প্রধান হেমব্রমকে সাথে নিয়ে বেআইনি মদ বিক্রির বিরুদ্ধে মানুষকে সচেতন করতে অভিযান চালাই। ওই সময় কিছু দুষ্কৃতি সহ এলাকারই বেশ কিছু বিজেপি কর্মী আমার ওপর হামলা করায়। এই ঘটনায় থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। পাতকাটা গ্রাম পঞ্চায়েত প্রধান, প্রধান হেমব্রম বলেন, ঘটনার তদন্তে নেমেছে জলপাইগুড়ি কোমোয়ালি থানার পুলিশ। ইতিমধ্যেই এই ঘটনায় বেশ কয়েকজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এই বিষয়ে বিজেপির জেলা সম্পাদক শ্যাম প্রসাদ বলেন, বিজেপি নেতা কর্মীরা তৃণমূলের ওপরে হামলা করে না। তৃণমূলের নেতরাই উল্টো বিজেপি নেতাদের উপর হামলা করে। তৃণমূলের নিজদের মধ্যেই ভূত লুকিয়ে রয়েছে। প্রকৃত তদন্তের মধ্য দিয়ে এই হামলার আসল কারণ উঠে আসবে।

ভারত – বাংলা সীমান্তের জিরো পয়েন্টে নিখোঁজ ব্যক্তির বুলন্ত মৃতদেহ উদ্ধার

ত্রিপুরা, ৬ জুন : নিখোঁজ যুবকের বুলন্ত মৃতদেহ ভারত – বাংলা সীমান্তের জিরো পয়েন্টে উদ্ধার হয়েছে। ওই ঘটনায় বঙ্গদগর কলসীমুড়া নগর এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। স্থানীয় মানুষ মৃতদেহ দেখতে পেয়ে বিএসএফ জওয়ান সহ কলমচৌড়া থানার পুলিশকে খবর পাঠিয়েছেন। এই ঘটনা আবহুহ্যে না কি খুন তা নিয়ে জনমনে প্রশ্ন ঘুরপাক খাচ্ছে। আপাতত পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা নিয়ে তদন্ত শুরু করেছে। জনৈক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, বঙ্গদগর কলসীমুড়া নগর এলাকার এক কৃষক সীমান্তের ওপারে জমিতে কাজ করতে গিয়েছিলেন। তখন গাছে ঝুলন্ত অবস্থায় মৃতদেহ দেখতে পেয়েছিলেন তিনি। সাথে সাথে তিনি কর্তব্যরত বিএসএফ জওয়ান সহ কলমচৌড়া থানার পুলিশকে ঘটনাটি জানিয়েছেন। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে। জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, প্রথমে মৃত ব্যক্তি কোন দেশের নাগরিক তা জানা যাচ্ছিল না। পরবর্তী সময়ে বিভিন্ন থানা গুলিতে খবর নিয়ে দেখা যায় গত কিছুদিন ধরে বিশালগড় থানাধীন রঘুনাথপুর এলাকার বাসিন্দা পিটু দাস নামে এক ব্যক্তি নিখোঁজ ছিলেন। তিনি শোশায় সবজি ব্যবসায়ী ছিলেন। তখন বিশালগা থানায় পরিবারের লোকজনদের নিয়ে এসে মৃতদেহের ছবি দেখানো হয়েছিল। পরিবারের সদস্যরা তাঁকে পিটু দাস বলে সনাক্ত করেছেন। আবহুহত্যা না কি খুন তা নিয়ে জনমনে প্রশ্ন ঘুরপাক খাচ্ছে। আপাতত পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা নিয়ে তদন্ত শুরু করেছে।

ত্রিপুরায় বাংলাদেশী যুবক মৃত

ধর্মনগর(ত্রিপুরা), ৬ জুনঃ অবৈধ অনুপ্রবেশের দায়ে এক বাংলাদেশী নাগরিককে আটক করেছে ধর্মনগর থানার পুলিশ। তার কাছ থেকে বৈধ নথিপত্র পাওয়া যায়নি বলে জানিয়েছেন পুলিশ আধিকারিক। জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, গোপন সূত্রে থানায় খবর আসে, এক যুবক ধর্মনগর রাজবাড়ি এলাকায় অবৈধভাবে ত্রিপুরায় প্রবেশ করে যোারসেবা করছেন। সেই খবরের ভিত্তিতে গতকাল রাতে ধর্মনগর থানার পুলিশ অভিযান চালিয়ে সন্দেহভাজন এক যুবককে আটক করেছে। তাঁকে আটক করে থানায় নিয়ে এসে জিজ্ঞাসাবাদ চালানো হয়েছে। পুলিশি জেরায় ওই যুবক অবৈধভাবে ত্রিপুরায় প্রবেশের বিষয়টি স্বীকার করেছেন। তিনি আরও জানিয়েছেন, তাঁর কাছ থেকে কোনো বৈধ নথিপত্র পাওয়া যায়নি। ধৃত যুবক বাংলাদেশের চিটপুরের বাসিন্দা সুরজিত দেবনাথ বলে পরিচয় মিলেছে। তাঁকে আগামীকাল আদালতে সোপর্দ করা হবে জানিয়েছে পুলিশ।

চিটাबाঘের চামড়া ও গাড়িসহ চালক গ্রেফতার

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৬ জুন : ওদলাবাড়িতে ২ ফুট ১ ফুট চিটাবাঘের চামড়া সহ এক অভিযুক্তকে গ্রেফতার করেছে বন বিভাগের কর্মীরা। গতকাল বিকাল ৪ টার নাগাদ ওদলাবাড়িতে গোপন সূত্রের ভিত্তিতে বন দফতরের মোবাইল পেট্রোলিং পাটি ১ এর নেতৃত্বে এক সাদা কালারের মারুতি ওয়ানারান ভানিকে চেস করে ২ ফুট বাই ১ ফুটের লেওপার্ডের চামড়া উদ্ধার হয়। ঘটনাস্থলে গাড়ির চালককে গ্রেফতার করা হয়। চালকের বাড়ি জলপাইগুড়ি জেলার চালসাতে। আজ দুপুর ১২ টা নাগাদ ধৃত গাড়ির চালককে জলপাইগুড়ি আদালতে পেশ করা এ জন্য নিয়ে যাওয়া হয়। অভিযানের নেতৃত্বে দেন বনদফতরের বৈকুণ্ঠপুর রেঞ্জের রেঞ্জার স্বপন কুমার রায়।

শববাহী গাড়ি প্রদান করল পুরনিগম



দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৬ জুন : উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালকে একটি শববাহী গাড়ি প্রদান করল শিলিগুড়ি পুরনিগম। পুরনিগমের কার্যালয় থেকে মেডিক্যাল কর্তৃপক্ষের হাতে গাড়ির চাবি তুলে দেন মেয়র গৌতম দেব। সম্প্রতি উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে শববাহী গাড়ি না থাকার ফলে একজন বাবা তার মৃত শিশুর দেহ ব্যাগে করে কালিয়াগুড়ে তার বাড়িতে নিয়ে যায়। সেই ঘটনার পরই পুরনিগমের পক্ষ থেকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালকে একটি শববাহী গাড়ি দেওয়ার কথা জানিয়েছিলেন মেয়র। সেইমত শনিবার মেডিক্যাল কর্তৃপক্ষকে তিন মাসের জন্য এই শববাহী গাড়ি দেওয়া হয়।

করমণ্ডল দুর্ঘটনার পর থেকেই খোঁজ নেই দিনহাটার যুবকের

দুরন্ত বার্তা, দিনহাটা, ৬ জুন : ওড়িশার বালেশ্বরে দুর্ঘটনাগ্রস্ত হাওড়াগামী হামসফর এক্সপ্রেসে করে বাড়ি ফিরছিলেন কোচবিহারের দিনহাটা ১ ব্লকের দিনহাটা ভিলেজ ২ গ্রামপঞ্চায়েতের আমবাড়ি সংলগ্ন এলাকার যুবক পেশোয় রাজমিস্ত্রি শিবা রায়। শুক্রবার দুর্ঘটনার ঘটনাক্ষকে আগে ফোনে মা ও স্ত্রীর সঙ্গে কথা বলেছিলেন। তারপর থেকে খোঁজ মেলেনি শিবার। একাধিকবার ফোন করা হলেও মোবাইল ফোনটি বন্ধ। এমন পরিস্থিতিতে প্রবল চিন্তায় সংশ্লিষ্ট যুবকের পরিবার ও প্রতিবেশীরা। শনিবার সকালে শিবার আমবাড়ি এলাকার বাড়িতে গিয়ে দেখা গেল থমথমে পরিবেশ। শিবা ও পরিবার সূত্রে জানা গেল, শিবা ভিন রাজ্যে রাজমিস্ত্রীর কাজ করেন। তার বাড়িতে বাবা, মা ও স্ত্রী রয়েছেন। বাবা শিবশঙ্কর রায় অরুণচাক্র প্রদেশে কাজ করেন। মাস খানেক আগেই তিরুপতিতে কাজের জন্য যান শিবা। ক’দিন পরেই বাড়িতে পুেজো। এমন পরিস্থিতিতে মা চাইছিলেন ছেলে ফিরুক। তাই ছেলের কাছে অবদার করেন তিনি। এদিন সকালে শিবার মা লক্ষ্মী রায় জানানলে, বাড়িতে পুজো আছে। ছেলেকে বলেছিলাম আসতে। ছেলে বলেছিল বাড়ি ফেরার মতন পর্যাপ্ত টাকা নেই। ছেলে থেকে টাকা পাঠিয়েছিলাম। এখন বেস্কালুরু-হাওড়া হামসফর এক্সপ্রেস ট্রেনে উঠেছিল। শুক্রবার বিকেল ৫টার পর আর কথা হয়নি শিবার সঙ্গে পরিবারের। সম্পর্কে শিবার মাসি পার্বতী রায় জানানেন, থানা ও বিডিও দফতরের লোকেরা যোগাযোগ করেছিলেন। প্রশাসনের তপরতার শিবার খোঁজে জেঁু বরত রায় ইতিমধ্যেই ওড়িশায় রওনা হয়েছেন। তবে শিবার কোন খবর পাওয়া যায়নি। এবিষয়ে দিনহাটা ভিলেজ ২ গ্রামপঞ্চায়েতের প্রধান কেশব নাহা জানান, গতকাল রাতেই প্রশাসনের তরফে দিনহাটা ১ ব্লকের বিডি মনসোহেন মুর্মু এই এলাকার আহত দুই যুবকের পরিবারের সঙ্গে দেখা করেছেন। প্রশাসনের উদ্যোগে ইতিমধ্যেই তাদের পরিবারের কয়েকজন সদস্য ওড়িশার উদ্দেশ্যে রওনা হয়েছেন।



শিলিগুড়ি পুরনিগমের প্রধান কার্যালয়ে ‘টক টু মেয়র’ কর্মসূচি পালন করলেন মেয়র গৌতম দেব। উঠে এলো শহরবাসীর নানা অভিযোগ। প্রতি শনিবারের মত এই শনিবারও ‘টক টু মেয়র’ কর্মসূচি সারলেন মেয়র গৌতম দেব। এলাকার ড্রেন অপরিষ্কার, আবর্জনা, অবৈধ নির্মাণ বিভিন্ন বিষয় নিয়ে ফোন মারফত অভিযোগ জানান ওয়ার্ডবাসী। সমস্ত অভিযোগ নথিভুক্ত করা হয়।

মাদক কারবারিকে হাতেনাতে ধরে ফেললো এলাকার বাসিন্দারা

দুরন্ত বার্তা, মালদা, ৬ জুন : এক মাদক কারবারিকে হাতেনাতে ধরে ফেললো এলাকার বাসিন্দারা। দেওয়া হল গণপিটুনি। শুক্রবার রাতে ঘটনাটি ঘটেছে পুরাতন মালদা থানার মির্জাপুর মোড় এলাকায়। পরে ওই মাদক কারবারিকে পুলিশের হাতে তুলে দেয় স্থানীয় বাসিন্দারা। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, পুরাতন মালদার শহর এলাকায় বেড়েছে প্রচুর মাদক নেশার কারবার। এর ফলে যুবসমাজ নষ্ট হয়ে যাচ্ছে। এমনকি মাদকাসক্ত যুবকেরা মৃত্যুর মুখে ঢলে পড়ছে। বেশ কিছু যুবক অবশ্যে মাদক কারবারের সঙ্গে যুক্ত রয়েছে এবং প্রকাশ্যে বিক্রি করছে বলে অভিযোগ। এই ঘটনা সংশ্লিষ্ট এলাকার কিছু যুবকের নজরে আসে এবং মাদক বিক্রি করার সময় অভিযুক্ত যুবককে হাতেনাতে ধরে ফেলে এবং লোকজন জমায়েত হলে শুরু হয় উত্তম মধ্যম। অবশেষে মালদা থানার পুলিশ ঘটনার খবর পেয়ে উত্তেজিত জনতার হাত থেকে উদ্ধার করে নিয়ে যায় ওই মাদক কারবারিকে। যদিও এখন পর্যন্ত ধৃত ওই যুবকের নাম ও ঠিকানা পাওয়া যায়নি। পুরো ঘটনাটি নিয়ে তদন্ত শুরু করেছে পুরাতন মালদা থানার পুলিশ।

‘ট্রেন দুর্ঘটনায় আহত, নিহতদের মধ্যে পরিযায়ী মানুষের সংখ্যাই বেশি’-সৃজন ভট্টাচার্য্য

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৬ জুন : দুর্দিন আগে সংগঠনের জলপাইগুড়ি জেলার অন্যতম নেতা চা বাগান শ্রমিক পরিবারের সন্তান



প্রশান্ত খেরিয়ার অস্বাভাবিক মৃত্যু হয়। শনিবার মৃত ছাত্র নেতার পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করতে আসেন এসএফআইয়ের রাজ্য সম্পাদক সৃজন ভট্টাচার্য্য। উপরেই শুক্রবার ওড়িশায় ঘটে যাওয়া ভয়াভহ রেল দুর্ঘটনায় মৃত এবং আহতদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করে ভারতের ছাত্র ফেডারেশনের রাজ্যে সম্পাদক সৃজন ভট্টাচার্য্য বলেন, বন্দে ভারত দিয়ে দেশের সরকার আমজনতাকে বুদ করে রেখে রেলের ৮-৯ বছার পদ তুলে দিয়েছে। তিন লক্ষ শ্রমী পদে নিয়োগ বন্ধ করেছে। আর এই রাজ্যে কাজ এবং সূচিকিৎসা ব্যবস্থা না থাকায় বহু মানুষকে চিকিৎসা ও পরিযায়ী শ্রমিক হয়ে উপার্জন করতে ছুটতে হয় দক্ষিণ ভারতে। এমন যাত্রীদের সংখ্যাই বেশী ছিলো গতকালের মর্মান্তিক রেল দুর্ঘটনায়। এর অন্যতম কারন এই রাজ্যে রোজগার নেই, শ্রমিকের মজুরি নেই, উন্নয়নের অর্থ মদ- মাংসে খরচ করে রাজ্য সরকার। আমরা ইতিমধ্যেই রাজ্যের সমস্ত ইউনিটকে রক্ত এবং অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী নিয়ে তৈরি থাকতে।

পানীয় জল ও রাস্তা সংস্কারের দাবিতে জাতীয় সড়ক অবরোধ

আগরতলা, ৬ জুন : রাস্তা সংস্কার ও পানীয় জলের দাবিতে ১০৮বি জাতীয় সাক অবরোধে সামিল হয়েছেন লেফুঙ্গা ব্লকের সিপাহি প্যার এলাকাবাসী।একমাস যাব জলের সমস্যা়া ভুগছেন এলাকাবাসী। অবশেষে শনিবার সকালে সমস্যা়া সমাধান না পেয়ে সড়কে অবরোধে বসেন তাঁরা। অবরোধের জেরে যানচলাচল ব্যাহত হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে লেফুঙ্গা থানার পুলিশ এবং অবরোধকারীদের সাথে কথা বলে। প্রশাসন আশ্রাস দিয়েছে, প্রতিনিয়ত ওই এলাকায় জল সরবরাহ করা হবে। ওই আশ্রাসের ভিত্তিতে পথ অবরোধ প্রত্যাহার করেন স্থানীয় মানুষ। জনৈক অবরোধকারী জানিয়েছেন, লেফুঙ্গা ব্লকের সিপাহি পাড়ায় পানীয় জলের সমস্যা ভুগছেন এলাকাবাসী। তাঁদের অভিযোগ, দীর্ঘ একমাস যাব পানীয় জলের সংকটে ভুগছেন স্থানীয় মানুষ। তাদের আরও অভিযোগ, ওই পাড়ায় রাস্তার বেহোল দশা হয়ে রয়েছে। এই বিষয়ে একাধিকবার প্রশাসনের নিকট মৌখিক ও লিখিত অভিযোগ করা হলেও জলের ও রাস্তা সংস্কারের সমস্যার সমাধানে কেউ কর্পপাত করেননি। তাই, জনগণ ব্যাধ্য হয়ে রবিবার সকালে পানীয় জল ও রাস্তা সংস্কারের দাবিতে ১০৮বি জাতীয় সড়ক অবরোধ করেন। তাঁদের দাবি, নিয়মিত ওই এলাকায় জল সরবরাহ প্রদান করতে হবে এবং রাস্তা সংস্কার করা হোক। এই অবরোধের জেরে রাস্তার দুই ধারে যান চলাচল স্তব্ধ হয়ে পড়েছিল। তাতে যাত্রী দুর্ভোগে চরমে পৌঁছেছিল। খবর পেয়ে অবরোধস্থলে ছুটে আসে লেফুঙ্গা থানার পুলিশ। অবরোধকারীদের সাথে কথা বলে এবং প্রতিনিয়ত ওই এলাকায় জল সরবরাহ করা হবে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। ওই আশ্রাসের ভিত্তিতে পথ অবরোধ প্রত্যাহার করেন স্থানীয় মানুষ।

নবজাতকের মৃতদেহ উদ্ধার

আগরতলা, ৬ জুন : জলাশয়ের পাশে নবজাতকের মৃতদেহ উদ্ধার হয়েছে। কিন্না থানার খুপিলং বাজার সংলগ্ন এলাকায় ওই মৃতদেহকে ঘিরে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় মানুষ সাথে সাথে কিন্না থানায় খবর পাঠিয়েছে। পুলিশ ওই ঘটনার তদন্ত শুরু করেছে। জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, আজ সকাল সাড়ে আটটা নাগাদ কিন্না থানায় খবর আসে খুপিলং বাজার সংলগ্ন জলাশয়ের পাশে নবজাতকের মৃতদেহ দেখতে পেয়েছে এলাকাবাসী। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে নিয়ে গিয়েছে। ওই ঘটনায় তদন্ত শুরু করেছে পুলিশ। এদিকে, নবজাতকের মৃতদেহ উদ্ধারে খুপিলং বাজার সংলগ্ন এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে।

সামনে মহারণ, টিম ইন্ডিয়ার দুর্বল জায়গা কোনটা!

লন্ডন, ৩ জুনঃ কথায় আছে-ক্যাচ মিস, ম্যাচ মিস। ফরম্যাট যাই হোক। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালের চূড়ান্ত প্রস্তুতি শুরু করে দিয়েছে টিম ইন্ডিয়ান। বুধবার শুরু টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল। সামনে অস্ট্রেলিয়া। গত তিনটি বর্ডার-গাভাসকর ট্রফিতে দাপট দেখিয়ে জিতেছে ভারত। ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ শুরুর আগে ঘরের মাঠে অজিনের বিরুদ্ধে চার ম্যাচের টেস্ট সিরিজ ছিল ভারতের। প্রথম দুটি টেস্ট জেতে ভারত। বর্ডার-গাভাসকর ট্রফির তৃতীয় টেস্টে জয় অস্ট্রেলিয়ার। শেষ ম্যাচ অমীমাসিত থাকে। সিরিজ ভারতেরই। যদিও দ্বিপাক্ষিক সিরিজ এবং আইসিসি টুর্নামেন্টের ফাইনালের মধ্যে বিস্তর ফারাক। নিরপেক্ষ ডেনুতে ম্যাচ। ইংল্যান্ডের পরিস্থিতির সঙ্গে দ্রুত মানিয়ে নেওয়ার চেষ্টা করছে ভারতীয় দল। খুব বেশি সময়ও নেই। এর মধ্যেই কপিনেশন সাজিয়ে নিতে হবে। সবচেয়ে বেশি চিন্তার জায়গা কোনটা! দীর্ঘ দু-মাস টি-টোয়েন্টি ফরম্যাট খেলার পর টেস্টের সঙ্গে মানিয়ে নেওয়া সহজ নয়। মাঝে সময়ও খুব কমই ছিল। এবই মধ্যে মানিয়ে নেওয়া ছাড়া বিকল্প নেই।



ঋষভ পন্থ। টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালের মতো মধ্যে অনভিজ্ঞ গ্রীকার ভরতের খেলার সম্ভাবনা কম। তবো মিলে অর্ডারে বা হাতি ব্যাটার রাখতে ঈশান কিষাণকেও ভাবনা থেকে সরিয়ে দেওয়া যায় না। জরুরীত বুমরা দীর্ঘদিনই চোটের কারণে বাইরে। বর্ডার-

গাভাসকর ট্রফিতে চোট পেয়েছিলেন শ্রেয়স আইয়ার। আইপিএলে চোট পান লোকেশ রুহরা। শক্তিশালী কপিনেশন বেছে নেওয়াই



কটিন হয়ে পড়েছিল ভারতের। তবে ব্যাটিং কিংবা বোলিং নয়, ভারতীয় শিবিরে সবচেয়ে বেশি চিন্তার জায়গা ফিল্ডিং। বিশেষ করে বলতে হয় স্লিপ ক্যাচিংয়ের কথা। বর্ডার-গাভাসকর ট্রফি শুরুর আগে ভারতীয় দলের হেড কোচ রাহুল দ্রাবিড়ও স্বীকার করে

নিয়েছিলেন স্লিপ ক্যাচিংয়ে ভারতের দুর্বলতার কথা। স্লিপ এমনই একটা জায়গা যেখানে স্পেশালিস্ট প্রয়োজন। ইংল্যান্ডে প্র্যাক্সিস সেশনে তাই বাড়তি জোর দেওয়া হয়েছে স্লিপ ক্যাচিংয়ে। স্টিভ স্মিথ, ডেভিড ওয়ার্নার কিংবা মার্নাস লাবুশেনের মতো ব্যাটারকে সুযোগ দিলে তারা যে ম্যাচের রং বদলে দিতে পারেন, এ বিষয়ে সন্দেহ নেই। নতুন বলে সামি ও সিরাজ জুটিতে ভালো বোলিং করলে সুযোগ তৈরি হবেই। স্লিপে যদি সেই সুযোগ তৈরি হয়, কাজে লাগতে হবেই। শুধুমাত্র পেসারদের বিরুদ্ধেই স্লিপ প্রয়োজন, তা নয়। ওভালে ম্যাচ যত এগোয় স্পিনাররাও সুবিধা পেয়ে থাকেন। সে সময় দক্ষ স্লিপ ফিল্ডার প্রয়োজন। রবিশন্দ্রন অশ্বিন এবং রবীন্দ্র জাডেজার মতো বিশ্বমানের স্পিনার রয়েছেন ভারতীয় দলে। এখানে যেন কিছুটা স্বস্তির জায়গা অজিঙ্ক রাহানের স্কোয়াডে ফেলা। তাকে খেলানো হলে, স্পিনারদের জন্য স্পেশালিস্ট স্লিপ ফিল্ডার হতে পারেন রান্নাই। দীর্ঘ সময় এই ভূমিকায় দেখা গিয়েছে তাঁকে। রাহানের ব্যাটিংই শুধু নয়, ভারতীয় টিমের শক্তি হয়ে উঠতে পারে স্লিপে তাঁর বিশেষ দক্ষতাও।

পিএসজিকে বিদায় বলে দিলেন রামোস



প্যারিস, ৩ জুনঃ লিওনেল মেসির পিএসজি ছাড়া নিয়ে নানা খবর বাতাসে ভাসছে অনেক দিন ধরেই, মরসুম শেষে প্যারিস ছাড়ার সম্ভাবনা আছে নেইমারেরও। তবে লিগ ‘আ’তে মরসুমের শেষ ম্যাচের আগে এ দুজন নন, আনুষ্ঠানিকভাবে পিএসজি ছাড়ার ঘোষণা দিয়েছেন অন্য এক তারকা ফুটবলার-সের্হিও রামোস। খুব আলোচনায় না থাকা রামোস গতকাল রাতে আকস্মিকভাবে সামাজিক যোগাযোগমাধ্যমে পিএসজি ছাড়ার ঘোষণা দিয়েছেন। রামোসের ক্লাব ছাড়ার বিষয়টি নিশ্চিত করে বিদায়ী বার্তা দিয়েছে পিএসজিও। সামাজিক যোগাযোগমাধ্যমে নিজের বিদায়ের খবর নিশ্চিত করে রামোস লিখেছেন, ‘আগামীকালের দিনটি আমার জন্য বিশেষ। কাল আমি জীবনের আরেকটি অধ্যায়কে বিদায় জানাবা। বিদায় বলব পিএসজিকে।’ রিয়াল মাদ্রিদ থেকে ২০২১ সালে পিএসজিতে যোগ দেন রামোস। প্যারিসের ক্লাবটিতে যাওয়ার পর লম্বা সময় ধরে রামোস লড়েছেন চোটের দীর্ঘ। এমনকি একপর্যায়ে কোনা ম্যাচ না খেলেই তাঁর বিদায়ের গুঞ্জন শোনা গিয়েছিল। যদিও সেসব গুঞ্জন উড়িয়ে গত প্রায় দুই বছর ধরে পিএসজিতে ছিলেন রামোস। ক্লাবটির হয়ে দুই মরসুমে সব মিলিয়ে ৫৭ ম্যাচ খেলেছেন এই স্প্যানিশ ডিফেন্ডার, জিতেছেন দুটি লিগ শিরোপাও। বার্তা খুব দীর্ঘ না হলেও পিএসজিকে নিজের ঘর বলেই সম্বোধন করেছেন রামোস। রামোস লিখেছেন, ‘আমি জানি না কতগুলো জায়গাকে আপনি ঘর বলে উল্লেখ করতে পারেন। কিন্তু কোনো সন্দেহ ছাড়াই পিএসজি, এর সমর্থকেরা এবং প্যারিস আমার শেষ ঘরের একটি। বিশেষ দুটি বছরের জন্য আপনাদের ধন্যবাদ। এ সময় আমি সব কটি টুর্নামেন্টে খেলার সুযোগ পেয়েছি এবং নিজেকে উজাড় করে দিয়েছি। আমি এখন নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হব। আমি নতুন কোনো রং গায়ে চড়াব।’ রামোসকে বিদায় জানিয়ে পিএসজি সভাপতি নাসের আল-খেলাইফি বলেছেন, ‘সের্হিও নেতৃত্ব, দলীয় চেতনা এবং পেশাদারত্বের সঙ্গে অভিজ্ঞতা মিলে সর্বোচ্চ স্তরে অবদান করছে। এটা তাকে সত্যিকার অর্থে ফুটবল কিংবদন্তিতে পরিণত করছে। তাকে প্যারিসে পাওয়া সৌরবের ব্যাপার ছিল।’ পিএসজির অফিশিয়াল টুইটার অ্যাকাউন্ট থেকেও রামোসকে নিয়ে একাধিক টুইট করা হয়েছে। একটি টুইটে রামোসকে নিয়ে ক্লাবটি লিখেছে, ‘একপ্রতা ও নিষ্ঠার সঙ্গে পিএসজির হয়ে রামোসকে লড়তে দেখাটা ক্লাবের জন্য আনন্দের ছিল। কেরিয়ারের বাকি সময়ের জন্য তাঁকে শুভকামনা।’ পিএসজি ছাড়লেও রামোসের পরবর্তী গন্তব্য কোথায় হবে, এখনো তা নিশ্চিত নয়। তবে দলবদল বিশেষজ্ঞ ও সাংবাদিক ফ্যাব্রিজিও রোমানো জানিয়েছেন, এরই মধ্যে সৌদি আরবের ক্লাব থেকে প্রস্তাব পেয়েছেন রামোস। পরিবারের সঙ্গে বসে সামনের দিনগুলোর তিনি নিজের ভবিষ্যৎ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেনে।

‘কোহলি সেরার সেরা’! হেজেলউড

লন্ডন, ৩ জুনঃ আগামী বুধবার থেকে শুরু হওয়া বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে একজন আরেকজনের মুখোমুখি হবেন। বিপক্ষের সেরা ব্যাটারকে আউট করাই হবে তার লক্ষ্য। কিন্তু ফাইনাল শুরু হবার কয়েকদিন আগেই বিপক্ষের সেরা ব্যাটারের ভূমসী প্রশংসা করছেন একজন বোলার। তিনি অস্ট্রেলিয়ার ব্রিস হেজেলউড। জানালেন ভারতের জর্জি কোহলিই এই মুহূর্তে বিশ্বের সেরা ব্যাটার। আইপিএলের গত দুই মরসুমে হেজেলউড রিয়াল চ্যালেঞ্জার্স ব্যান্ডালোরে বরাট কোহলির সঙ্গেই



খেলেন। নেটে তাকে বল করার তার অভিজ্ঞতা হয়েছে। এর আগে দুই দেশের মধ্যে টেস্ট সিরিজে কটিন, উত্তেজনাপূর্ণ, পরিস্থিতিতে বিরাট কোহলিকে বল করার তার অভিজ্ঞতার প্রেক্ষিতে হেজেলউড জানানেন, কেন তার মনে হয় কোহলি সেরা। আইসিপির ওয়েবসাইটে তাদের সঙ্গে আলাপচারিতায় হেজেলউড কোহলি সম্পর্কে বলেন, ‘‘আমার মনে হয় কতটা সে কঠোর পরিশ্রম করে সেটাই তাকে অন্যদের থেকে আলাদা করে দেয়। প্রথমত তার ফিটনেস, তারপর তার দক্ষতা, বিশেষ করে তার ব্যাটিং ও ফিল্ডিং। অনুশীলনের সময় সবার আগে সে আসে ও সবার শেষে যায়। অনুশীলনের সময় সে যেভাবে ঘাম বারায়, তার সতীর্থদেরও সেটা অনুপ্রাণিত করে। অন্য খেলোয়াড়দেরও উদ্বীত করতে সাহায্য করে।’’ হেজেলউড তার আরসিবির সতীর্থ সিরাজেরও প্রশংসা করেছেন।

‘ঋদ্ধিমান নেই কেন টেস্ট দলে’? প্রশ্ন হরভজনের

মুম্বই, ৩ জুনঃ কেন ভারতীয় দলে জায়গা হল না ঋদ্ধিমান সাহার? প্রশ্নটা তুলে দিলেন হরভজন সিং। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে ঈশান কিষান এবং গ্রীকার ভরতকে নিয়েছে ভারত। কিন্তু অভিজ্ঞতার এবং যোগ্যতার বিচারে জায়গা পাওয়া উচিত ছিল ঋদ্ধিমানের। তাজ্জ জানিয়েছেন ঋষভ পন্থ যখন নেই তখন ভারত তাকে মিশ করবে এই নিয়ে সন্দেহ নেই। অস্ট্রেলিয়া এবং ইংল্যান্ডের মাটিতে অতীতে স্পেশ্লি আছে তারা। পন্থকে বল করতে ভয় পায় অস্ট্রেলিয়া। কিন্তু তিনি যখন নেই তখন ঈশান সঠিক নির্বাচন। আক্রমণাত্মক ব্যাটসম্যান এবং কিপার হিসেবে খারাপ নয়। কিন্তু ভরত কোন যুক্তিতে দলে জায়গা পান বুঝতে পারছেন না তাজ্জ। আইপিএলে অভিজ্ঞতা ফাইনাল পর্যন্ত উঠেছিল। কটিন ফাইনালে ঋদ্ধিমান সাহার ৫৪ রানের লড়াই ইনিংস ভোলার নয়। তাছাড়া উইকেটকিপার হিসেবে বাকিদের থেকে অনেক এগিয়ে সাহা। তাই সব মিলিয়ে তাকে অন্তত দলে রাখা উচিত ছিল এই বিষয়ে সন্দেহ নেই তাজ্জি। আইপিএলে ঋদ্ধিমান যথেষ্ট ভাল পারফর্ম করেও যদি টেস্ট দলে জায়গা না পান তাহলে কিছু বলার নেই। হরভজন বলেছেন ভারতের সব আসার টিকে আছে ঈশান কিষান কেমন পারফর্ম করেন তার ওপর। তিনি যদি স্বাভাবিক আক্রমণাত্মক খেলা খেলতে পারে ভারত ভাল করবে। আর না পারলে ভারত খারাপ করবে।



প্যারিস, ৩ জুনঃ দুই দিন আগে ক্রিস্ফ গালতিয়ের নিজেই ‘শেয়ের ঘোষণা’ দিয়েছিলেন। সেটি ছিল পিএসজিতে লিওনেল মেসির শেষের ঘোষণা। কোচ বলেছিলেন, শনিবার ক্রেরমর বিপক্ষে পিএসজির হয়ে শেষ ম্যাচ খেলবেন মেসি। যদিও ক্লাব পরে এটিকে ‘মরসুমের শেষ ম্যাচ’ বলে অভিহিত করে। শনিবার আসতে আসতে নিশ্চিত হয়ে গেল, ক্রেরমর বিপক্ষে ম্যাচটি গালতিয়েরের নিজের শেষ ম্যাচ। লিগ আঁ-জরী এই ফরাসি কোচকে আর দায়িত্বে রাখছে না পিএসজি। শনিবারই তিনি শেষবারের মতো পার্ক দ্য প্রিন্সেসের ডাগআউটে দাঁড়ালেন। গালতিয়েরের সঙ্গে পিএসজির সম্পর্কচ্ছেদের কথা জানিয়ে ফরাসি সংবাদমাধ্যম লেবিক লিখেছে, এরই মধ্যে নতুন কোচের সন্ধান শুরু করেছে কর্তৃপক্ষ। প্রাক্তন লিল ও নিস কোচ গালতিয়েরকে পিএসজিতে নিয়োগ দেওয়া হয়েছিল গত বছরের জুলাইয়ে। চুক্তি ছিল দুই বছরের। তবে এক বছর পরই তাঁকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত চূড়ান্ত হয় গত দু-তিন দিনের

রহস্যজনক যন্ত্র ব্যবহার করে আলোচনায় নোভাক জকোভিচ

দূরন্ত বার্তা প্রতিবেদন

‘‘ছোট থাকতে আয়রনম্যানকে অনেক পছন্দ করতাম। আয়রনম্যানের বেশ নেওয়ার চেষ্টা করি তাই। কোর্টে আমার সেরাটা দিতে আমার দল আমাকে অসাধারণ দক্ষ একটা ন্যানোটেকনোলজি দিয়েছে। আমার কেরিয়ারের চরম যোগাযোগ ব্যাপার এটিই। এটি না থাকলে আমি এখানে বসে থাকতাম না।’’ নোভাক জকোভিচের ওপরের কথাগুলো শোনার পর সংবাদ সম্মেলনকক্ষে কেমন একটা নীরবতা নামে। সাংবাদিকেরা ভেবেছিলেন, জকোভিচ মজা করার চেষ্টাই করছেন। জকোভিচ আদতে মজা করেননি। পরদিনই খোলাসা হয়েছে সেটি। গত বুধবার ফ্রেঞ্চ ওপেনে দ্বিতীয় রাউন্ডে মার্টিন ফুকসোভিকসের বিপক্ষে খেলছিলেন জকোভিচ। সে ম্যাচে বল-গার্ল একটা কিছু এনে দেন ২২টি গ্র্যান্ড স্লাম জেতা সার্বিয়ান তারকাকে। টি-শার্টের নিচে বুকের ওপর ‘প্যাচ’ বা ‘তাপ্পির’ মতো কিছু একটা বদলাতে দেখা যায় তাঁকে। স্বাভাবিকভাবেই আগ্রহ তৈরি হয় সেটি নিয়ে। সামাজিক যোগাযোগমাধ্যমেও ছড়িয়ে পড়ে সে ভিডিও। এরপর সংবাদ সম্মেলনে এ নিয়ে প্রশ্ন করা হলে ওই ন্যানোটেকনোলজির কথা উল্লেখ করেন জকোভিচ। এরপর গত বৃহস্পতিবার টাও টেকনোলজিস নামের এক কোম্পানি তাদের অফিশিয়াল টুইটার আইডি থেকে দাবি করে, জকোভিচ যে প্রযুক্তির কথা উল্লেখ করেছেন, সেটি তাদেরই তৈরি। এটিকে জীবন বদলে দেওয়া যন্ত্র হিসেবেও দাবি করে তারা। যাঁরা ম্যাচের বলা হয়, ‘আলোচ্য ন্যানোটেকনোলজিটি টাওপ্যাচ স্পোন্স। আমরা টাও টেকনোলজি একটি ইতালিভিত্তিক কোম্পানি। মানবস্বাস্থ্য ও এর কল্যাণে উদ্ভাবনী ন্যানোটেকনোলজিকাল যন্ত্রাংশ তৈরি ও পেটেন্ট করে থাকি।’ কোম্পানিটির ওয়েবসাইট অনুযায়ী, টাওপ্যাচ স্পোন্স নামের ডিভাইসটি দুই স্তরের ন্যানোটেকনোলজি ব্যবহার করে থাকে। যার মাধ্যমে শরীরের তাপ আলোতে রূপান্তরিত হয়। এ ডিভাইস মানবশরীরে প্রায় ১৯০টি সকেত পাঠায়, যার মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে ওই মানুষের

শরীর তার ভারসাম্য ঠিক করে। ঠিক কী কারণে এমন যন্ত্র ব্যবহার করেন বা করছেন, সে ব্যাপারে অবশ্য ওই আয়রনম্যানের উদাহরণ দেওয়া ছাড়া বলবেননি জকোভিচ। ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য টেলিগ্রাফ এ ব্যাপারে জকোভিচের দলের সঙ্গে যোগাযোগ করলেও কেউ সাড়া দেননি। তবে টাওপ্যাচের দাবি,



তাদের যন্ত্রটি যুক্তরাষ্ট্রের খাদ্য ও ঔষধ প্রশাসনের অনুমোদন পাওয়ার অপেক্ষায়। তবে টাওপ্যাচ ইউরোপিয়ান ইউনিয়নের নীতি অনুযায়ী ‘ক্লাস ২০২০’ বা প্রথম শ্রেণির মেডিকেল যন্ত্র। ফলে এর ব্যবহার অন্তত নিরাপদ হতে হবে। এটা ব্যবহারে যে উপকারিতা পাওয়া যায়, তার মধ্যে আছে- এটা অঙ্গবিন্যাস, ভারসাম্য ও মৃগণ চলাচল উন্নীত করে, ক্রীড়াবিদের পারফরম্যান্সের সঙ্গে একটি নির্দিষ্ট দিকে নজর দেওয়ার সামর্থ্য (ফোকাস) বৃদ্ধি করে। এ ছাড়া এটি ধকল, উদ্বেগ ও ফিরে ফিরে আসা ব্যথা কমায়ে বলেও জানানো হয়। এমনকি ‘মাল্টিপল স্ক্লেসেরোসিস’ নামের অসুখের উপশম করে বলেও দাবি করেছে কোম্পানিটি। এ যন্ত্র আদতে কীভাবে কাজ করে? এর ব্যাখ্যা কোম্পানিটি বলেছে,

টাওপ্যাচ এমন একটি ন্যানোটেকনোলজি যন্ত্র, যেটি আলো থেরাপি ও আকুপাচারের সমন্বয় করে। এর মধ্যে এমন ন্যানোটেকনোলজি আছে, যেটি আপনার শরীরের তাপকে আলোতে পরিণত করে (এটি আসলেই অদ্ভুত করে স্বলে)। এই আলো এরপর শরীরের নির্দিষ্ট আকুপাচার বিন্দুতে পৌঁছায়, যার মাধ্যমে আপনার শরীর এটি মনে রাখে যে গাপি অংশের সন্ধে কীভাবে প্রাকৃতিকভাবে যোগাযোগ করা যায়। এর মাধ্যমে স্বাস্থ্যগত অনেক উপকার পাওয়া যায়। যেমন উন্নত ভারসাম্য ও অঙ্গবিন্যাসের মাধ্যমে ঘুম, ফোকাস, ক্রীড়াবিদের পারফরম্যান্স, ব্যথা উপশম আরও ভালো হয়।’ সেখানে বলা আছে, এ যন্ত্র তিন বছর পর্যন্ত টেকসই হয়, স্নানের সময়ও ব্যবহার করা যায়। তবে এ যন্ত্রে কোনো ব্যাটারি নেই কারণ, শরীরের তাপ ব্যবহার করে এটি নিজে নিজেই রিচার্জ হয়। অবশ্য এ যন্ত্র শুধু পরলেই হবে না, একটি নির্দিষ্ট উপায়ে পরতে হবে। কোম্পানিটির মতে, ‘প্রথম সপ্তাহে ৪ ঘণ্টা পরতে হবে। দ্বিতীয় সপ্তাহে ৮ ঘণ্টা, তৃতীয় সপ্তাহে ১২ ঘণ্টা (যখন জেগে আছেন)। তৃতীয় সপ্তাহের শেষ থেকে এটি সব সময় পরা যাবে।’ এর ব্যবহারকারীদের নির্দিষ্ট তিন বছর পরও এটি পরার পরামর্শও দেওয়া হয়েছে। এর উপকারিতা কারও ক্ষেত্রে দ্রুত, কারও ক্ষেত্রে একটু দীর্ঘায়িত হতে পারে বলেও জানানো হয়। জকোভিচের মতো একজন কেন এ যন্ত্রের দিকে ঝুঁকলেন, সেটি অবশ্য পরিস্কার নয়। তবে অপ্রচলিত, বিজ্ঞান সমর্থিত নয়-এমন ধারার চিকিৎসাব্যবস্থার দিকে এঁই সার্বিয়ান তারকার ঝোঁক বরাবরের। এই জন্য কেরিয়ারেও ঝুঁকি পোহাতে হয়েছে তাঁকে। করোনভাইরাসের সময় টিকা নিতে অস্বীকৃত জানিয়েছিলেন তিনি। ফলে নিউজেল্যান্ড ওপেনে খেলতে যাওয়ার পরও দেশটি থেকে তাঁকে বের করে দেওয়া হয়েছিল, ইউএস ওপেনের শেষ দুই আসরেও খেলতে পারেননি। আগে একবার কনুইয়ের অস্ত্রোপচারও বিলম্বিত করেছিলেন তিনি। কারণ, তার মতে, ‘আমাদের শরীরেরই নিজে থেকে সেবে ওঠার স্বয়ংক্রিয় সামর্থ্য আছে।’ যদিও শেষ পর্যন্ত অস্ত্রোপচার করেই পুরোপুরি সেবে ওঠেন তিনি।

‘এই বেশ ভালো আছি’, ভক্তদের বার্তা রোনাল্ডোর

রিয়াদ, ৩ জুনঃ সৌদি আরবেই থাকছেন ক্রিস্টিয়ানো রোনাল্ডো। মেসি ক্লাব ছাড়লেও, রোনাল্ডো এখনই ক্লাব ছাড়ছেন না। বিশ্বকাপের পরই সৌদি আরবের প্রো লিগের ক্লাব আল নাসেরে যোগ দিয়েছিলেন ক্রিস্টিয়ানো রোনাল্ডো। ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের সঙ্গে সম্পর্ক শেষ হওয়ার পর সৌদি আরবের ক্লাবে সই করেন সিআর সেডেন। বিশাল পরিমাণ আর্থিক চুক্তিতে আল নাসেরে সই করেন পতুগিজ সুপারস্টার। তাঁর সঙ্গে ২০২৪ সাল অবধি চুক্তি থাকলেও হঠাৎই আশঙ্কা তৈরি হয়েছিল। আল নাসেরের জার্সিতে ব্যক্তিগত কিছু ভালো পারফরম্যান্স হলেও আসেনি দলগত সাফল্য। খালি হাতেই মরসুম শেষ করেছেন ক্রিস্টিয়ানো রোনাল্ডো। তবু আরও একটা বছর আল নাসেরেই থাকছেন সিআর সেডেন। নিজেই জানানেন সেই কথা। এই মরসুমে সৌদি প্রো লিগে ১৬ ম্যাচে ১৪ গোল করেছেন রোনাল্ডো। লিগ চ্যাম্পিয়ন হয়েছে চিরপ্রতিদ্বন্দ্বী আল ইত্তেহাদ। দুই নম্বরে শেষ করেছে রোনাল্ডোর ক্লাব আল নাসের। রোনাল্ডোর প্রাক্তন ক্লাব ম্যাঞ্চেস্টার ইউনাইটেড এ বছর চ্যাম্পিয়ন্স লিগে কোয়ালিফাই করেছে। প্রিমিয়ার লিগে প্রথম চারে শেষ করেছে ম্যান ইউ। তাহলে কি আবার পুরনো ক্লাবে দেখা যাবে সিআর সেডেনকে? ভক্তদের মনে উঠেছিল প্রশ্ন। রোনাল্ডো অবশ্য সাফ জানালেন, ‘‘আমি এখানে ভালো আছি। এখানেই খেলা চলিয়ে যেতে চাই। হ্যাঁ, এখানেই আমি খেলতে চাই। আমার মনে হয়, ক্লাব কর্তৃপক্ষ যদি এ ভাবে আরও পাঁচ বছর কাজ করে তাহলে বিশ্বের প্রথম পাঁচে উঠে আসবে সৌদি প্রো লিগ।’’ রোনাল্ডো আরও বলেন, ‘‘ইউরোপে আমরা সকলে অনুশীলন করি। এখানে আমরা সাধারণত বিকলে অথবা সন্ধ্যতে অনুশীলন করি। রমজানের সময় আর ১০তীয় প্র্যাক্সিস করি। এটা সত্যিই অবাক করার মতো। এই অভিজ্ঞতা আমি অর্জন মনে রেখে দেব। সত্যিই স্মরণীয় মুহূর্ত। এখানকার সংস্কৃতি সম্পর্কে অনেক কিছু শেখারও আছে।’’ একই সঙ্গে ভক্তদের আশ্বস্ত করে রোনাল্ডো বলেন, ‘‘এ বছর আমি কিছু একটা জিততে চেয়েছিলাম। পাইনি। তবে আমি নিশ্চিত, পরের বছর ট্রফি ভাগ্য বদলাবে। আমাদের সাফল্য আসবে।’’ রোনাল্ডোর শত্রুশিবিরে যোগ দিতে চলেছেন ক্রিস্টিয়ানো রোনাল্ডো। রিয়াল মাদ্রিদে সিআর সেডেনের সতীর্থ ছিলেন ফরাসি সুপারস্টার। সেই বেঞ্জামা এ বার রিয়াল ছেড়ে যোগ দিচ্ছেন সৌদি প্রো লিগের ক্লাবে। রোনাল্ডো মনে করেন, বিশ্বের নানা প্রান্ত থেকে এ ভাবেই হেভিওয়েটার জয়েন করলে লিগের উন্নতি হবে। বয়স কোনও বাধাই নয়।

রোহিতের ফর্ম নিয়ে চিন্তিত নন মঞ্জুরেকর

নয়াদিল্লি, ৩ জুনঃ সাত তারিখ থেকে ওভালে শুরু বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল। দু’বছর আগে ফাইনালে নিউজিল্যান্ডের কাছে হেরে যায় ভারত। কাপ-ঠোঁটের ফারাক ঘোচাতে মরিয়া টিম ইন্ডিয়া। ফাইনালে ভারতের সামনে এ বার অস্ট্রেলিয়া। এ বছর দেশের মাটিতে ক্রিকেট বিশ্বকাপ। তার আগে টেস্টে বিশ্বসেরা হতে চান

রোহিতের খেলাতেও সেই ঝাঁক দেখা যাবনি। রোহিতের ব্যাটিং পারফরম্যান্স নিয়ে মোটেই চিন্তিত নন মঞ্জুরেকর। এক সাক্ষাৎকারে ভারতের প্রাক্তন ক্রিকেটার বলেন, ‘‘রোহিতের ফর্ম নিয়ে টিম ম্যানেজমেন্টের একদমই চিন্তার কোনও কারণ নেই। টেস্ট ফরম্যাটে ঠিক রানে ফিরবে ও।’’ একই সঙ্গে তিনি বলেন, ‘‘গত বছর



রোহিত শর্মা। ইংল্যান্ডে জোরকদমে অনুশীলনও শুরু করে দিয়েছে ভারতীয় দল। দলনায়ক রোহিত শর্মা আইপিএলে একেবারেই রানের মধ্যে ছিলেন না। টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের আগে হিটম্যানের ফর্ম নিয়ে চিন্তিত ভারতীয় ক্রিকেটপ্রেমীরা। যদিও রোহিতে ভরসা রাখছেন দেশেরই এক প্রাক্তন ক্রিকেটার। তিনি সঞ্জয় মঞ্জুরেকর। তিনি মনে করেন, আইপিএলের ফর্ম বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে কোনও প্রভাব ফেলবে না। আইপিএলে রানের খোঁজে ছিলেন রোহিত শর্মা। মুম্বই ইন্ডিয়ান্স প্লে অফ খেললেও, হিটম্যানকে হাতে গোনা কয়েকটি ম্যাচ ছাড়া সে ভাবে সপ্রতীত দেখাযনি। আইপিএল শুরুর আগেও চোট-আঘাত নিয়ে সতীর্থদের সতর্ক করেছিলেন হিটম্যান। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে জয়ই তাঁর পাখির চোখ। আইপিএলে

আইপিএলেও রোহিতের ব্যাটে রান ছিল না। তবে দেশের জার্সিতেই ছুদে ফেলে। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম ম্যাচেই রান পায়।’’ টেস্ট ফরম্যাটে রোহিতের পরিসংখ্যান নিয়েও আশার আলো দেখছেন সঞ্জয় মঞ্জুরেকর। ভারতের প্রাক্তন ক্রিকেটার মনে করেন, টেস্টে রোহিতের ব্যাটিং আরও আকর্ষণীয় হয়ে উঠবে। তবে হিটম্যানের দুর্বলতাও দেখিয়ে দিলেন মঞ্জুরেকর। তাঁর কথায়, ‘‘ব্যাটিংয়ে একটা জায়গাতেই রোহিতের দুর্বলতা রয়েছে। পুল মারার ক্ষেত্রে বেশির ভাগ সময়ই ওকে আউট হতে দেখছি। অনেক সময়ই বিপক্ষ দল ওকে এই স্ট্রাটেজিতে প্যাভিলিয়নে ফিরিয়েছে। তবে এটা আবার রোহিতের প্রিয় শটও বটে। পুল মেরে অধিকাংশ রানও করেছে ও।’’ এখনও পর্যন্ত ৪৯ টেস্ট ম্যাচ খেলেছেন রোহিত শর্মা। তাঁর নামের পাশে রয়েছে ৯ স্পেশ্লি আর ১৪ হাফস্পেশ্লি ব্যাটিং গড় ৪৫-র বেশি।

প্রকাশিত

সুচিকিৎসা

২৫ বর্ষ ● বর্ষ সংখ্যা ● ১ জুন ২০২৩

দুধ না খেলে

শৈশবের পুষ্টি দুধ

স্বাদে-ওণে ভরপুর পনির

দুধ - সুপার ফুড

প্রস্রাবে রক্তক্ষরণ

হার্টকে সুস্থ রেখে বাঁচা

রোবোচিক সার্জারি

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে লগ অন করুন www.suchikitsa.in

স্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নন্দর কর্তৃক ইন্সটিটিউট ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ ইহতে মুদ্রিত ও ১ বি গ্ল্যাক বার্গ লেন কলকাতা ৭০০০১২ ইহতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013

Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com
newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501